# কেলোর কীর্ত্তি।

( মিনার্ভা থিয়েটারে অভিনীত )

ভূপেন্দ্রনাথ—

# কেলোর কীর্ত্তি।

( হাস্যরসাশ্রিত দৃশ্যকাব্য )

মিনার্ভা থিয়েটারে অভিনীত।

( প্রথম অভিনয় রজনী, ৩১শে বৈশাখ, সন ১৩২৮ সাল )

শ্রীভুপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-প্রণীত।

প্রথম সংস্করণ।

আষাঢ়, সন ১৩২৮ সাল।

মূল্য ॥০ আনা।

# নাট্যোক্ত পাত্রপাত্রীগণ।

## পুরুষ।

কালভৈরব বসু ( ওরফে কেলো ) ... পল্লীগ্রামবাসী যুবক।
দামোদর মিত্র ... ... ...কলিকাতানিবাসী ধনাঢ্য ব্যক্তি।
বনমালি দত্ত (রায় বাহাদুর) } কালভৈরবের ভগ্নীপতি (Public prosecutor)।
মোহনলাল ... ... ... ইন্‌সিওরেন্‌স্‌ কোম্পানির দালাল।
মঘা ... ... .. ... দামোদর মিত্রের উড়ে ভৃত্য।
তেলকদাস, গঙ্গাপ্রসাদ } ... দেনাদারদ্বয়।

রেসের খেলোয়াড়গণ, রাস্তার লোকজন, ডাক্তার, হাঁসপাতালের সুপারিণ্টেন্‌ডেণ্ট, সহিস, কোচ্‌ম্যান্‌, কুলিগণ, পাহারাওয়ালাগণ, কারখানার মিস্ত্রিগণ, পাল্‌কি বেহারাগণ, স্বদেশী যুবকগণ, রোগীগণ ইত্যাদি।

## স্ত্রী।

মানকুমারী ( ওরফে ম্যানিলা ) ... দামোদর মিত্রের কন্যা।
লক্ষ্মীমণি ... ... ... বনমালির স্ত্রী—
( কালভৈরবের ভগ্নী )।

স্নানার্থিনী রমণীগণ, হাঁসপাতালের নার্স, কুলিরমণীগণ, স্বদেশবৎসলা রমণীগণ, রঙ্গিণীগণ ইত্যাদি।

ভারতবর্ষের সম্পাদক শ্রীযুক্ত জলধর সেন মহাশয়ের ভূয়সী প্রসংসা পূর্ণ ভূমিকাসহ

বঙ্গ রঙ্গমঞ্চের অদ্বিতীয় সঙ্গীতাচার্য্য ও বীণাপাণীর বরপুত্র

শ্রীদেবকণ্ঠ সরস্বতী প্রণীত

# দেব বীণা

অপূর্ব্ব গীতগ্রন্থ

মূল্য ২৲ দুই টাকা

শীঘ্র প্রকাশিত হইবে

ভাই বঙ্গবাসি! পৃথিবীর উন্নত জাতি-সমূহের তালিকায় আমাদের বিশিষ্ট স্থানে অধিকার করিবার এই শুভদিনে—আমাদের নবজাগরণের এই আনন্দময় দিনে—চিরারাধ্য দেশ মাতৃকাদেবীর আরাধনার দিনে—তাঁহাকে অর্চ্চনা করিবার যে সঞ্জীবনী-মন্ত্র তাহা "দেব বীণা" পাঠ করিয়া জ্ঞাত হউন।

# "কেলোর কীর্ত্তি"

হাসিভরা নাটিকা।

## প্রথম দৃশ্য।

পুরী—সমুদ্রের ধার।

স্নানার্থিনী রমণীগণ।

গীত।

চেওনা চেওনা এদিকে চেওনা,—চাহিলে মরিব লাজে।
ও,—চোখের চাহনি, ভাল নয় শুনি—অবলা নারীসমাজে।
না চেয়ে না যদি থাকিতে পারো হে,—
শিকারীর চোখে চাওয়াটী ছাড়ো হে,—
রাখ মুখ বুঁজে,—থাকো ঘাড় গুঁজে,—
(ও কি?)—মৃদু হাসো কোন্ কাজে?
(মোরা) জলতরঙ্গে—খেলিব রঙ্গে—
(তাই) সেজেছি সরল সাজে;—
নাহি কুটিলতা হৃদিমাঝে॥

(ছবি আঁকিবার সরঞ্জম লইয়া কালভৈরবের প্রবেশ)

কা। সিনারি আঁক্‌তে হয় তো এই সমুদ্রের! কোনও ঝঞ্ঝাট নেই বাবা, স্রেফ্ দু'এক পোঁচ্ তুলি টেনে যাও! উপরে মেঘ,—নীচে সমুদ্দুর, মেঘের বৈমাত্রব ভাই; খুব ন্যাচারাল্ হবে। যাক্ বাবা! এই কম্মই করা যাক্! নইলে—উপায় কি? পঞ্চাশ—পঞ্চাশ হাজার টাকা,—৫।৭।১০ বছরের ভেতর উবে গেল? হাতে Balance ১৪৭৲ মোট! এঁ্যা—গেল কোথায়? ন দেবায়—ন ধর্ম্মায়—ন চ মদ্যে—ন চ মাগীতে? দেশের ছেলে দেশে বসে—ঐ টাকাটায় একেবারে নবাব খাঞ্জাখান্ চালে থাক্‌তেম! গেরোর ফেরে পাঁচ শালা জোচ্চোরের পরামর্শে সহরে এসে—যেন চিচিং ফাঁক্ হয়ে গেল! একটা তার হিসেব নিকেশও রাখবার অবকাশ পেলুম না! উল্‌টে ৪।৫ হাজার টাকা ধার? তার ওপর পাওনাদার শালাদের তাগাদা? তোর সহরের মাথায় মারি ঝাড়ু। আর সে-মুখো হ'চ্ছিনা!

(চিত্র অঙ্কনে নিযুক্ত)

(মানকুমারী ও মঘা উড়ে ভৃত্যের প্রবেশ)

মান। কবি কালিদাস লিখেছিলেন যে—

"দূরাদয়শ্চক্রনিভস্য তন্বী
তমালতালীবনরাজিনীলা!
আভাতি বেলা লবণাম্বুরাশে
র্ধারা নিবদ্ধেব কলঙ্করেখা।"

সমুদ্রের ধার না হ'লে সিনারি? এই জন্যে সাহেবমেমেদের এত চট্ করে Feelings আসে! ঐ তো অনেক ladies মনের আনন্দে sea-bath কচ্ছেন, তরঙ্গভঙ্গে অঙ্গ ঢেলে দিয়ে কেমন রঙ্গে ঢেউয়ের সঙ্গে

লুকোচুরি খেল্‌ছেন! আমি পার্ব্বনা? বাবার কেমন বেয়াড়া গোঁ আমাকে একদিনও নাব্‌তে দিতে চান্‌ না। তবে মিছিমিছি ক'ল্‌কেতা থেকে costume কিনে আন্‌বার দরকার ছিল কি। আজ বেড়ে সুযোগ। এ opportunity আর lose কর্চ্ছিনা। হাঁবে মধা!

ম। কঁড়।

মা। বাবা কোন্‌ দিকে গেলেন? বাসার দিকে নাকি?

ম। বসা জিব কাঁইকি? হাই সে দিকে চলি গিলা। বুড়া মনুষ্য অছি,—তুমার সাথ খট খট খট দড়াদড়ি করিমি কেম্‌তি?

মা। আর বোধ হয় এ দিক পানে আস্‌ছেন না,—কি বলিস্‌?

ম? সে মু কিমতি জানিবি? আসিবে—আসিবে। না আসিবে না আসিবে! মতে কহি দিলা,—তু দিদি বাবুর সাথ সাথ চড়ি যা—মু টিকে হওয়া খাইকিরি যাউছি।

মা। তুই এক কাজ কর্‌ দিকি! আমার এই কাপড় চোপড় গুলো ধর্‌ দিকি!

ম। কঁড় ধরিমি?

মা। আমার এই জামা কাপড় জুতো—এই গুলো ধরে এই খানে দাঁড়া,—আমি চট্‌ করে একবার সমুদ্রের একটু ঢেউ খেয়ে আসি!

ম। অ্যাঁ—বাপ্পরে বাপ্প। সে কঁড় কইছন্তি দিদি বাবু?

মা। আমর্‌ ব্যাটা—বুঝ্‌তে পাল্লিনি?

ম। সে মু বুঝ্‌মিনি কাঁইকি? সে হৈ মু পারিমিনি অবধঁড়!

মা। আমার কাপড় চোপড়গুলু ধ'রে একটু দাঁড়াতে পার্ব্বিনা—stupid বদ্‌মায়েস উড়ে?

ম। (সভয়ে) তুমে হুগাপট্টা সব ছাড়ি দিবে, আর সে পহালালো আসিকিরি মতে আরিকিরি পকাই দিবে! বাপ্পরে বাপ্প—

মা। ইস্—এম্‌নি আর কি! তোর কিছু ভয় নেই! আমি ব'ল্‌বো, আমার চাকর আমার কাপড় নিয়ে wait ক'চ্ছে! তুই দাঁড়া—এই নে ধর্—দেখিস্ বালির ওপরে যেন ফেলিস্‌নি—

( বডিস্ খুলিয়া মঘাকে প্রদান )

ম। ( সভয়ে ভূতলে বডিস্ ফেলিয়া ) দোহাই প্রভু জগড়নাথ—দোহাই পহারাণী—দোহাই করতা বাবু—

( দৌড়াইয়া প্রস্থান )

মা। ব্যাটা ভারি impertinent তো! ব্যাটাকে আজই dismiss ক'চ্ছি দাঁড়াও! তাইতো—বডিস্‌টায় ধুলোবালি লেগে গেল! এই যে একটা দিব্যি standএর মতন রয়েছে—এই খানেই রেখে দেওয়া যাক্! কে আছে এখানে যে নেবে? ( বডিস্ সাড়ী ছবির ষ্ট্যাণ্ডে স্থাপন এবং জুতা খুলিতে আরম্ভ )

কাল। ( স্বগত ) এঁ্যা—একি বাবা? এমন সিনারিটা কে মাটী ক'রে? কোন পাওনাদার নাকি? ( ষ্ট্যাণ্ডের পার্শ্ব হইতে মুখ বাহির করিয়া মায়াকুমারীকে দেখিয়া ) এঁ্যা—একি—এ যে জ্যান্ত বাঘ! বেরুলো কোথা থেকে? আমরি মরি—যেন বাল্মিকীর মৎস্যগন্ধা! না—বোধ হয় জলপরি! ডাঙ্গায় ঝিনুক কুড়োতে এসেছে! দেখা দোবনা—থাক্—থাক্—

( প্রচ্ছন্নভাবে অবস্থান )

মা! যাই একটু জলকেলি করিগে—

( সমুদ্রে অবতরণ )

কাল। যাঃ—উড়ে গেল! না—না—উড়বে কেন? ঐ যে এক ঝাঁক পদ্মফুলের সঙ্গে মিশিয়ে গেল! উঃ—হায় হায়—হায় হায়! শেষ এও কপালে ছিল! পঞ্চাশ হাজার টাকা গেল, পাওনাদারের ভয়ে

দেশত্যাগী হলুম,—দেশে তেঁতুলগাছ থেকে পড়ে হাত পা ভেঙ্গে সাড়ে সাত মাস শয্যাগত হলুম, তা'তে কখনো প্রাণে চোট্ লাগেনি,—উঃ—কি চোটটা আজ ছবি আঁক্‌তে এসে খেলুম বাবা !

রমণীগণ। ( উচ্চৈঃস্বরে ) যেওনা—যেওনা—মস্ত ঢেউ—আর এগিওনা—

কা। এ্যাঁ—এ আবার কি ? জলবালারা কি বিকট তান ধ'রলেন ?

র। গেল গো—গেল গো—ঐ গেল—ঢেউয়ে টেনে নিয়ে গেল—

কা! এ্যাঁ—কা'কে—কা'কে—অ্যাঁ—সেই তা'কে নাকি ?

( রমণীগণের কালভৈরবের নিকটে দ্রুত আগমন )

রমণীগণ। যা—মা—সর্ব্বনাশ হ'ল—সর্ব্বনাশ হ'ল ! অ-মশাই ! শীগ্‌গির্ যান—শীগ্‌গির্ যান—

কা। কোথায় ? কেন ?

র। আপনার স্ত্রীকে ঢেউয়ে টেনে নিয়ে গেল—

কা। আমার স্ত্রী ! এ্যাঁ—বল কি ? খুন করেল্লা—খুন করেল্লা—

( জামা খুলিয়া মালকোঁচা বাঁধিয়া )

ওরে শালা ঢেউ ! আমার স্ত্রী হ'তে না হ'তে ভাসিয়ে নিয়ে যাস্ ? —ওরে ব্যাটা—সাত সমুদ্দুর তের নদী—

( ঢেউয়ে গা-ভাসান দেওন )

১ম র। ছোঁড়াটার মাথা খারাপ হ'য়ে গেছে !

২য় র। হবে না ? কি বলিস্ ? হাজার হোক্—নিজের Wife ! মানুষ না,—লম্পট না,—বাঘ না,—শেয়াল না,—জলের ঢেউ এসে টেনে নিয়ে গেল ?

(দামোদর ও মঘার প্রবেশ)

দা। কই রে ব্যাটা উড়ে—আমার ম্যানিলা কোথা গেল? এঁ্যা—কোথা সে?

ম। মু আর যাতি পারিমি না! দোহাই প্রভু জগড়নাথ—ই সব কঁড় দেখিছন্তি!

(মাটীতে বসিয়া চক্ষু আবদ্ধ করণ)

দা। অঁ্যা—কি সর্ব্বনাশ হ'ল? এ ব্যাটা উড়ে কি সর্ব্বনেশে কথা বলে? ওরে—ও শালা মঘা! মেয়ে আমার সাঁতার কাট্‌তে জলে নেবেছে বল্লি যে! ওরে ব্যাটা! অমন ক'রে বস্‌লি কেন?

ম। মোর চখে বালি পড়িছন্তি কর্‌তা বাবু—সে মু অন্ধা হউছি পরা!

দা। এঁ্যা—তাইতো—তাইতো—হ্যাগা বাছারা—তা তোমরা—তোমরা আমার মেয়েকে দেখেছ?

১ম র। আপনারই মেয়ে? আর ভয় নেই—আর ভয় নেই—ঐ আপনার জামাই নিয়ে আস্‌ছেন!

দা। আমার জামাই? কোন্ শালা আমার জামাই? আমার কচি মেয়ে—কোন্ শালা উধাও ক'ল্লে? ডাক্ পুলিস্—ডাক্ পুলিস্,—আজ সব ধরিয়ে দোবো!

র-গণ। ওমা—এ মিন্‌সেও বুঝি খেপ্‌লো লো—চল্ চল্—পালাই।

দা। ওরে শালা মঘা—তোর সঙ্গে মেয়ে দিয়ে মেয়ে আমার লোপাট্ হল? আজ তো শালাকে মেরে ফেল্‌বো!

ম। আরে ঠারো—ঠারো কর্‌তা বাবু—এত্তে খপ্পা হউছি কাঁইকি? হাই দিদিমণি আসিছন্তি পরা!

দা। এঁ্যা—একি—একি—ম্যানিলা—মানি—একি কাণ্ডকারখানা ?

ম। বাবা—বড্ড বেঁচে গেছি—এই ভদ্র লোক বড্ড বাঁচিয়ে দিয়েছেন।

কা। শালার ঢেউগুলো কি বদ্‌মায়েস! একবার তোলে—আবার তলিয়ে দেয়। একবার হাতের কাছে আনে—আবার দশ হাত তফাতে নিয়ে পালায়।

দা। এঁ্যা—সেকি ম্যানিলা! তুই কি ডুবে গেছ্‌লি নাকি ?

ম। যেতে যেতে রয়ে গেলুম। এই ভদ্রলোক বড জোর করে টেনে ধরে রাখলেন,—নইলে তোমার ম্যানিলাকে আর পেতে না বাবা!

কা। যান্‌ মশায়—মেয়েকে নিয়ে বাসায় যান। সমুদ্দুরের নোণা জলে মেয়েটী আপনার জারক নেবু হয়ে আছেন। ভাল জলে চান করিয়ে দিন্‌।

দা। চল্‌ মা ম্যানিলা—চল্‌ চল্‌।

মা। সে কি বাবা ? ভদ্রলোক আমার প্রাণ বাঁচালেন,—এঁকে একটু আপ্যায়িতও কল্লেন না ? ছি—ছি—ছি! ইনি আমার জীবন-দাতা! আসুন মশাই—আমাদের বাসায় এসে একটু বিশ্রাম কর্ব্বেন! আপনিও তো নোণা জলে খুব্‌ নাকানি-চোকানি খেয়েছেন! আসুন (কালভৈরবের হস্ত ধরিয়া মঘাকে) মঘা—আমার কাপড় জামা জুতো—আর বাবুর ঐ সব কি কি আছে—নিয়ে বাসায় আয়—

(কালভৈরব ও মানকুমারীর প্রস্থান)

দা। হ'ল ভাল—শাপে বর হ'য়ে গেল! ছোঁড়াটা দেখ্‌তে শুন্‌তে বেশ,—মেয়েরও তো দেখ্‌ছি বেশ ল-ব্‌ জন্মেছে! এখন ছোঁড়াটার মালে কিছু থাকে—তবে তো বুঝি! হ্যাঁরে মঘা!

ম। আজ্ঞা।

দা। এ বাবুটার কিছু টাকা কড়ি আছে,—বেশ বড় লোক,—জমীদার ব'লে মনে হচ্ছে না?

ম। হ—সে ভদ্দব মনুষ্য—তঙ্কা উঙ্কা অছি—হ।

দা। তোর দিদিবাবুরও বেশ পছন্দ হয়েছে—কি বলিস্?

ম। হ—সে জলে কেতেক্ষণ সাঁতাব দিউছন্তি—সে হাত ধবিকিবি হাসি হাসি চড়ি গলা—হ—সে পছন্ হইমি না কাঁইকি?

দা। দেখা যাক্—টাকা কড়ি থাকে তবেই ভাল।

[ উভয়েব প্রস্থান ]

——

## দ্বিতীয় দৃশ্য।

### বনমালির বাটীর প্রাঙ্গণ।

বনমালি ও লক্ষ্মীমণি।

ব। বলি—তোমার রকম খানাটা কি ব'লতে পার?

ল। তোমারও রকমটা কি আমায় ব'লতে পার?

ব। আমার আবার রকম কি?

ল। আমারও রকমটা কি আগে শুনি'

ব। তুমি তো নিজে যতদূর উচ্ছন্ন যাবার তা গেছ! স্বদেশীর দল ডেকে ডেকে এনে বাড়ীতে গান গাওয়ানো হয় টাকাটা সিকেটা নোটটা—এতো হরদম্ চাঁদা ঝাড়ছোই! আবার সেদিন কিনা সেই

ভবানীপুরের মিটিংএ গিয়ে নতুন হার ছড়াটা খুলে দিয়ে এলে? এঁ্যা—এ সব কাণ্ড কারখানা কি? তুমি ঠাউরেছ কি আমায় বল্‌তে পার?

ল। আমার জিনিস আমি উড়িয়ে দোবো, পুড়িয়ে দোবো, পুকুরে ছিনিমিনি খেল্‌ব,—যা ইচ্ছে তাই কর্ব্ব,—তুমি খবরদার তাতে কথা কইতে পাবে না বল্‌ছি!

ব। তোমার জিনিস মানে কি? তুমি রোজগার করে এনেছ?

ল। আলবৎ! আমার স্বামী যখন আমার অর্দ্ধাঙ্গ—তখন তাঁর রোজগারের অর্দ্ধেক আমারই নিজের রোজগার বল্‌তে হবে।

ব। ও সব ঢের চালাকির কথা আমি শুনেছি! খবরদার বল্‌ছি এ সব আমার বাড়ীতে চল্‌বে না। আমি গভরমেণ্ট্‌ প্রসিকিউটার, রায় বাহাদুর, আজ বাদে কাল চাই কি বরাৎক্রমে স্যার্‌ ট্যার্‌ও হয়ে যেতে পারি,—আমার বাড়ীতে স্বদেশী কাণ্ডকারখানা? যদি ভাল কথায় না শোনো,—যে বেটা স্বদেশী আমার বাড়ীতে ঢুক্‌বে—তখুনি চোর ব'লে পুলিসে গ্রেপ্তার করিয়ে দেবো।

ল। দেখ—মুখ সাম্‌লে কথা কও ব'ল্‌ছি! তুমি আজ বাদে কাল স্যার্‌ই হও, আর শোর্‌ই হও,—দেশের লোক ভদ্রলোককে যদি গালমন্দ কিম্বা কোনও রকম অপমান ক'র্ব্বে, তাহ'লে আমি কুরুক্ষেত্র কাণ্ড ক'র্ব্ব!

ব। কি ক'র্ব্বে কি?

ল। তোমার সব উনুনমুখো ইয়ারবক্সিরা এসে যখন বৈঠকখানায় মদের বোতল খুল্‌বে—তখন আধোয়া খ্যাংরা নিয়ে নিজে সবাইকে শপাং শপাং করে বসিয়ে দোবো! লজ্জাও করেনা? দেশের লোক হ'য়ে দেশের লোককে গাল দিতে একটু মনে ঘেন্নাও হয়না? কি ছাই পাঁশের গবাম্যান্ত পচাকুটে (Government Prosecutor) হয়েছ?

ব। না—তা হব কেন? তোমার বুদ্ধি শুনে ঐ সব Vagabond ব্যাটাদের দলে মিশে Vagabondise করে বেড়াই আর কি?

ল। ফের ব্যাটা ব্যাটা কোচ্ছো? দেখ্‌বে মজা?

ব। কি কর্ব্বে কি? বড় যে লম্বা লম্বা কথা কইছ? কে তারা আমার ইষ্টিগুষ্টি যে তাদের ভক্তি করে কথা কইতে হবে? যত ব্যাটা চোর জোচ্চোর বদমায়েস—টাকা গ্যাঁড়া দেবার মতলব!

ল। (উচ্চৈঃস্বরে) সৈরভী! নিয়ে আয়তো এক তাল গোবোর, নচ্ছার মিন্‌সের মুখে পুরে দিয়ে মুখটা চেপে ধরি!

ব। না—মনে করিছিলুম—মেয়েমানুষের গায়ে কখনো হাত তুলিনি—এ বুড়ো বয়সে আব ও কাজটা কর্ব্বনা! এ মাগী দেখছি Temper রাখ্‌তে দিলে না। রোস্‌তো—এক পাত্র টেনে নিয়ে আজ দোরোস্তো করে দিচ্ছি। (উচ্চৈঃস্বরে) বিদে! টেবিলের ওপোর থেকে গেলাসটা দিয়ে যাতো।

(বিদের মদ্যপাত্র লইয়া প্রবেশ)

ল। খবরদার বলছি বিদে—

ব। দিয়ে যা এ দিকে—

(মদ্যপাত্র গ্রহন ও বিদের প্রস্থান)

ল। বটে! আমার সাম্‌নে বসে ঐ বিষ্ঠে খাবে?

ব। তোমার পিণ্ডি চট্‌কাবো। [পান উদ্যোগ]

ল। ছোটলোক। (গেলাস কাড়িয়া) পাপিষ্ঠি নরুকে মিন্‌সে! যে জিনিস্ হাড়ী মুদ্দোফরাসেরা পর্য্যন্ত ত্যাগ করে,—যে জিনিস খেলে রাস্তার লোকেরা জুতোর মালা গলায় পরিয়ে দিচ্ছে, তুমি ভদ্রলোক হয়ে, রায় বাহাদুর হয়ে,—মস্ত বড় উকীল হয়ে,—গবাম্যান্তার পচা কুটে হয়ে তাই এখনও খাচ্ছ? তুমি হাড়ি মুদ্দোফরাস—ডোম মেতুয়া

খাগড়ের পায়ের সুকতলারও অধম! এই দূর করে ফেল্লুম্ তোমার বিষের গেলাস! খাও দিকি দেখি তোমার কত বড় হেমাকৎ! ফের যদি বাড়ীতে ঐ বিষের বোতল আন্‌বে—ঐ বোতলে তোমারও মাথা ফাটাব—নিজেরও মাথা ফাটাব। (গেলাস দূরে নিক্ষেপ)

ব। উঃ দেখ—দেখ—দেখ সবাই—Extreme! Extreme! Grave provocation! তোর স্বদেশী মাগের নিকুচি, করেছে! আজ চুলের ঝুঁটী ধরে— (চুলের ঝুঁটি ধরিয়া)

(কালভৈরবের প্রবেশ)

কা। বোনাই বাবু! Non-violence! দিদি! দিদি! passive resistance!

ব। (অপ্রতিভ হইয়া) লক্ষীমণি! খোঁপাটা তো আজ তেমন আঁটসাঁট হয় নি! কেমন যেন থল্‌থলে হয়েছে! কিরে কালু কোথায় ছিলি? কখন এলি? লক্ষী! বেলা হ'ল - চুল্‌টা এই বেলা বেঁধে ফেল!

ল। হাঁ—এই বাঁধিগে যাই! কালু এয়েছিস্? আয় আয়—অনেকদিন তোকে দেখিনি!

ব। বুঝলে লক্ষী—কালুর একটা বিয়ে না দিলেই নয়!

কা। যাক্ বাবা—কেমন তালে এসেছি বল বোনাই বাবু! একেবারে যেন সাক্ষাৎ Edward the peacemaker হাজীর! বলি—civil warটা হ'চ্ছিল কি নিয়ে?

ব। যাক্ যাক্—ও কথা ছেড়ে দে—হঠাৎ তুই এখন কোথা থেকে এলি বল্ দিকি?

ল। তোর বিয়ের সম্বন্ধ নিয়ে কত ঘট্‌কী আমার কাছে আনাগোনা কচ্ছে,—তা—তোর দেখাই পাইনা, আমি কি কথাবার্ত্তা কইব বল্?

কা। আরে সেই সম্বন্ধ পাকাপাকি করবার জন্যেই তো হঠাৎ পুরি থেকে দৌড়ে পালিয়ে এলুম!

ব। কোথায় সম্বন্ধ ঠিক হল?

ল। মেয়েটী তুই দেখেছিস্?

কা। বল কি? আমিই সম্বন্ধ ঠিক কল্লুম—আমিই কথাবার্ত্তা কইলুম, আমিই নোণা জল থেকে তাকে টেনে তুল্লুম—আমিই হলুম বর—বরকর্ত্তা তুইই,—আমি আর মেয়ে দেখিনি?

ব। বুঝলে লক্ষ্মী! ও ভাইটীর তোমার এখনও সেই পাগ্‌লাটে ভাব আছে!

ল। তাই তো দেখছি! হ্যাঁরে কালু! কি সব আবোল তাবোল ব'কৃছিস্ বল্ দিকি? চল্—মুখ হাত পা ধুয়ে কাপড় চোপড় ছেড়ে জলটল খেয়ে ঠাণ্ডা হবি।

কা। বোনাই বাবু! দরমাহাটার দামোদর মিত্তিরকে চেনো?

ব। খুব চিনি। কেন বল্ দিকি? সে ব্যাটা মহা শয়তান! ভয়ানক সুদখোর। তার কাছে কি টাকা কড়ি ধার করিছিস্ নাকি?

ল। হ্যাঁরে কালু! আবার টাকা ধার ক'চ্ছিস! এ তোর হল কি বল্ দিকি? এই রকম করে করে টাকা বাজে নষ্ট করে কি সর্ব্বস্বান্ত হবি নাকি?

ব। তার আর বিচিত্র কি? বোনের ভাই তো?

কা। ইস্—তোমরাও সব বাজে বক্‌তে সুরু করে! আমার এখন তোমাদের কথা মোটেই ভাল লাগ্‌ছে না! বোনাই বাবু! দিদি! একটা উপকার কর্ত্তে পার্ব্বে?

ল। কি শুনি?

ব। হাজার কতক টাকা ধার—আর কি!

কা। বেড়ে বলেছ বোনাই বাবু! তুমি দেখছি মস্ত Thought reader! ঠিক ধরেছ কিন্তু! বেশী না,—পাঁচটী হাজার টাকা—আট দিনের মধ্যে যোগাড় কর্ত্তেই হবে!

ল। আবার টাকা কি হবে? এই তো তোর ভগ্নীপতির কাছ থেকে সেদিন সাড়ে তিন হাজার টাকা ধার কল্লি—

ব। আর আমার কাছে এক কপর্দ্দকও নেই! এ মাসটা বেজা টানাটানি যাচ্ছে!

কা। যাক্—বেশী কথা শুন্তে চাই না! তা'হলে তোমার কাছে কোন আশা নেই?

ব। টাকাটা কি হবে শুনি—তারপর না হয় চেষ্টাচরিত্ত করে দেখ্‌তে পারি।

কা। দামোদর মিত্তিরকে গিয়ে জমা দিতে হবে।

ল। কেন? কি হয়েছে কি?

কা। ভয়ঙ্কর ব্যাপার! প্রাণ যায় যায় হয়েছে। উঃ দিদি গো বড় কষ্ট—বড় কষ্ট!

ব। কেন বল্ দিকি? বেশী সুদে তার কাছে কি Handnote কেটেছিস্?

কা। শোন তবে। পাওনাদারের জ্বালায় দেশত্যাগী হয়ে একেবারে শ্রীক্ষেত্র জগন্নাথে গিয়ে বনবাস কচ্ছিলুম!

ল। তার পর? সেখানে কি করিছিস্?

কা। হঠাৎ একদিন বিকেলে দামোদর মিত্রের ম্যানিলা বোর্ডে যে স্বর্গের অপ্সরী মেয়েটী আছেন, তিনি সমুদ্রে জলকেলি কর্ত্তে গিয়ে একেবারে অতল জলে তলিয়ে যান্।

ব। অ্যাঁ—বলিস্ কিরে? তুই কি কোনও Chargeএ পড়িছিস্ নাকি?

কা। তুমি বড় বেরসিক বোনাই বাবু! শোন না ব্যাপার! আমি তখন "গোবিন্দলাল" হয়ে একেবারে ঝপাং করে সমুদ্রে লম্ফ দিয়ে—

ব। যাক্—মেয়েটাকে বাঁচিয়েছিস্ তো?

কা। হ্যাঁ—মেয়েটাকে বাঁচালুম কিন্তু নিজে মলুম!

ল। কেন কি হ'ল? কোথায় লেগেছে টেগেছে বুঝি!

কা। বুকে বড্ড চোট্ লেগেছে দিদিমণি! লজ্জার কথা তোমায় কি বল্‌ব,—সে বোনাই বাবু বুঝতে পাচ্ছে!

ব। বুঝিছি—নেহাৎ দুর্ব্বুদ্ধি ঘটেছে তোর! সেই মেয়েটাকে বুঝি বিয়ে কর্ব্বার ইচ্ছে হয়েছে?

কা। ভয়ঙ্কর! সেই জন্যেই তো পাঁচ হাজার টাকার দরকার!

ল। তুই পাঁচ হাজার টাকা নিয়ে কি ক'র্ব্বি? কনের বাপতো তোকে টাকা দেবে!

ব। আরে আমার কাছে শোন না! সে সব আমি জানি! ঐ দামোদর মিত্রের তেজারতি করে অনেক টাকার বিষয় হ'য়েছে। সংসারে আপনার বল্‌তে ঐ একটী মেয়ে। ব্যাটা ধনুকভাঙ্গা পণ করে বসেছে—যে ওকে দশ হাজার টাকা দেবে তার সঙ্গে মেয়ের বিয়ে দেবে।

ল। মেয়েটী বুঝি খুব সুন্দরী?

কা। একেবারে পয়রা গুড়—দিদিমণি পয়রা গুড়! বল্‌তে কি তোমার কাছে, দিদি! মেয়েটীও আমাকে বিপর্য্যয় ভালবেসে ফেলেছে! সেই খাতিরে তার বাবা দশ হাজারের জায়গায় পাঁচহাজার টাকা পেলেই আমাকে জামাই করে নেবে!

ল। এ কোন্ দিশি কথা বাবু—টাকা দিয়ে মেয়ে কিন্‌তে হবে? এ সব ছোট জাতেরই ভেতোর হয়,—বামুন কায়েতের ঘরে তো এরকম শুনিনি!

কা। বামুন কায়েতের ঘরে এরকম মেয়ে আছে যে লোকে ৫ হাজার ১০ হাজার দিয়ে কিন্‌তে যাবে? যেমন দেখ্‌তে শুন্‌তে, তেমনি কথাবার্ত্তা, তেমনি লেখাপড়া, তেমনি সাঁতার দেওয়া, তেমনি গানবাজনায় ওস্তাদ! ওঃ—হায় হায় হায়—বুক যায়—বুক যায়!

ব। ও সব ছেলেমানুষি ছেড়ে দে কালু! সে মেয়ে বিয়ে করা তোর কর্ম্ম নয়! শোন্—দেশে যা,—বিষয় আশয় আছে—সে সব দেখ্ শোন্! দু পাঁচ বিঘে জমী বিক্রি সিক্রি করে দেনাপত্তরগুলো শুধে ফেল্, তার পর একটা মনের মতন দেখে শুনে বিয়ে থা ক'রে মানুষ হ?

কা। বোনাই তো আর বাপখুড়ো নয় কিম্বা স্কুলের মাষ্টার মশাই নয় যে তার Lecture শুন্‌তে হবে! ও সব আমি ঢের শুনেছি—যাও যাও—

কালভৈরবের প্রস্থান।

ল। ও কালু—ও কালু—শোন্—শোন্—একটু জলটল খেয়ে যা—

(লক্ষ্মীর প্রস্থান)

ব। যেমন বোন্ তেমনি ভাই! নরানাং মাতুলক্রমঃ!

(প্রস্থান)

## তৃতীয় দৃশ্য।

### রেস্ কোর্স।

( Second Enclosure )

স্ত্রী-পুরুষের জনতা।

রামা। আমি তোকে বল্লুম—চার নম্বর একখানা খেলে রাখ্—

শ্যামা। কই বল্লি?

রামা। বল্লুম না? (Picket) পিকেট্ ঘাড়াটার ওপোর আমার বরাবরই নজর! একে Beedhamএর Stableএর ঘোড়া, তার ওপোর Northmoore চেপেছে—weightও মোটে ৮।৮, একে মারে কোন্ শালা? এ আমার Stableএর খবর!

শ্যামা। তুমি তো বাবা সব কটা ঘোড়া খেল্‌তে বলেছ! যেটা জিজ্ঞাসা করি, সেইটাই বল—হ্যাঁ—এ ঘোড়া মার্‌তে পারে। তোমার কথায় এক নম্বর Jack খেললুম, দু নম্বর Lady victorine জোর করে খেল্‌লুম, তিন নম্বর Quartzite খেললুম, পাঁচ নম্বর Pick of the Bunchএ যথাসর্ব্বস্ব ঢাল্‌লুম।

শম্বরা। কেবল চার নম্বর Picket—যেটা win করে গেল, সেইটে খেল্‌তে বল্লেনা!

রামা। এসব জচ্চুরি! তা নইলে Pick of the bunch বার বার বরাবর lead করে আস্‌ছিল। আচ্ছা—এবার দেখ্‌ছি! আগে Jockeyদের নামগুলো তুমি আন।

( প্রস্থান )

( অন্যদলের প্রবেশ। )

যদু। দেখলি—By short neckএ মার খেয়ে গেল? নইলে "সহিনের ঘোড়া No Ball—ওকি win না করে যায়?

মধু। Short neck কি রকম? No Ball তো place এও আসেনি—একেবারে nowhere।

যদু। আমার Calculation তো ভুল হবার নয়। No Ballএর সাত পুরুষের Career আমার নখ-দর্পণে! তার ওপোর—আমাদের বড়সাহেবের মেথর রংলাল আমাকে নিজে টিপ্ দিয়েছে।

নিধু। মেথরে টিপ্ দিয়েছে—এঃ—রাম—রাম—রাম,—

যদু। রাম রাম কচ্ছিস্ কি? বাবুর্চ্চি—মেথর—খানসামা—এরা যে রকম টিপ্ পায়—কোনও শালা Jockey সে রকম টিপ্ দিতে পারে না!

মধু। এবার কি খেলা যায়?

নিধু। আমার ভাই স্বপ্ন হয়েছে—চার নম্বর!

মধু। কি রকম স্বপ্ন হ'ল?

নিধু। স্বপ্ন দেখলুম—এক ব্যাটা ভূতে যেন আমার ঘাড় ধরে—ঐ আকাশের দিকে ছুঁড়ে ফেলে দিলে! ভয়ে যেই ওপোর দিকে চেয়ে দেখি—অম্‌নি আকাশের এই বড় বড় তারাগুলু জল্ জল্ কচ্ছে দেখলুম। এই দেখ—চার নম্বর ঘোড়া—Star of India! এ বাবা অব্যর্থ!

সকলে। দেখা যাক্—

( প্রস্থান )

( অপর দলের প্রবেশ )

ভুতো। আমি তোকে ১৩ নম্বর কিন্‌তে বল্লুম—তুই ১৪ নম্বর কিন্‌লি কেন?

নেত্য। কি কর্ম্ম—ভিড়ের ঠেলায় ১৩ নম্বরে কি ঢুকতে পেলুম? টাউরি খেয়ে ১৪ নম্বরে একেবারে গিয়ে পড়লুম! ভাবলুম—১৩ নম্বরে Synaiটা খুব hot favourite হয়েছে,—১৪নম্বরে Try all ঘোড়া upset মার্ত্তে পারে! এসে এস্তোক হেরে মচ্ছিস্—খুব মোটা টাকা Dividend পাবি।

সত্য। আর তুই নিজে তো ১৩ নম্বর খেল্লি!

নেত্য। সেটা ভুলে খেলে ফেলেছিলুম। আমার কিন্তু ইচ্ছে ছিল না।

(নেত্যর প্রস্থান)

ভু। আমার যেমন গেরো—ঐ জোচ্চোর শালাকে টিকিট কিন্‌তে দিইছিলুম।

সত্য। চুলোয় যাক্—এবার কি খেল্‌বি?

ভু। আমি আর কারও সঙ্গে খেল্‌ছি না—আমার একলার বুদ্ধিতে যা হয় হোক!

সত্য। শোন্‌না ভুতো—গোটা ২০৲ টাকা আমায় দিতে পারিস্?

ভু। হেরে ঢোল্ হ'য়ে গেছি—আবার মহাজনি ক'র্ব্ব কোথা থেকে? দু'শো আড়াইশো টাকা তো ধার দিইছি—আরও চাইতে লজ্জা করেনা?

সত্য। মাইরি—এই বাজিতে একটা upsetএর মস্ত খবর আছে,—এইবার তোর সুদশুদ্ধ টাকা চুকিয়ে দোবো—

ভু। upsetএর বাপের মাথায় ঝাড়ু—

(সকলের প্রস্থান)

(অন্যান্য স্ত্রীপুরুষগণের প্রবেশ)

১ম স্ত্রী। হতভাগা ছোঁড়া—সর্ব্বস্ব হারালে—মটরভাড়া দেবার টাকাটী পর্য্যন্ত নেই!

২য় স্ত্রী। অক্ষয় তো ভাল টিপ্ আন্‌তে গেছে—দেখা যাক্—এ বাজী কি হয়! বাইজি! কি খেল্‌লে?

৩য় স্ত্রী। আমি ভাই—বেশ ভাল খেলেছি! সাত নম্বর ঘোড়া—"দু'রাণী" ( Dorania )—খেলিস্ তো মোটা টাকা পাবি!

( অক্ষয়ের প্রবেশ )

অক্ষয়। কম্‌লি—কম্‌লি—গ্র্যাণ্ড্ থেকে মস্ত খবর পাওয়া গেছে—

স্ত্রীগণ। কি—কি—কোন্ ঘোড়া?

অক্ষয়। ১নম্বর—Galway gate! দে দিকি গোটা কুড়ি টাকা!

১ম স্ত্রী। আর টাকা কোথা পাব? আশী টাকা—সবগুই হার হ'য়ে গেল—

অক্ষয়। দেখ্‌না—দেখ্‌না—ব্যাগ্‌টা নেড়ে চেড়ে! দু' একখানা নোট—

১ম স্ত্রী। একি—মুড়ি-মুড়কির ধামা নাকি রে মুখপোড়া—

অ। ঐ তোর—মেড়োবাবু যাচ্ছে! যা—যা—শিগ্‌গীর যা—গোটা পঞ্চাশ টাকা বাগিয়ে নিয়ে আয়—

১ম। কৈ—কৈ? ঐ না—ঐ না—ও ঝুটমল্ বাবু—ও ঝুটমল্ বাবু-

( সকলের প্রস্থান )

৩য় স্ত্রী। গিরি ময়রা বলেছে—সাত নম্বর বাজী মার্ব্বে! এ বাজী নিশ্চয় জিত্‌ছি—"দু'রাণী—দু'রাণী—দু'রাণী—দু'রাণী"—বাপ্—আপ্—( Buck up )

( প্রস্থান )

( কালভৈরব ও কতিপয় বন্ধুর প্রবেশ )

১ম বন্ধু। বুঝ্‌লি কালু—তুই কারও কথা শুনিস্‌নি—খ্যাতিয়দের

ঘোড়া,—কইজ্ চেপেছে,—চোক্ কাণ বুঁজে পাঁচ নম্বর Pastimeটাকে ধর্!

কাল। লোকে তো দেখ্ছি—Goldgainer Goldgainer ব'লে খেপে উঠেছে—

২য় বন্ধু। Goldgainer যদি জেতে—তাহ'লে আমি রেস্ কোর্স ছেড়ে দোবো।

কাল। কি ক'রে জান্লি?

২য় বন্ধু। আমি জান্বোনা? আমি ভবানীপুরের ছেলে,—এই রেস্ খেলে খেলে বুড়িয়ে গেলুম,—পাঁচ সাত বছরের ভেতোর তিনখানা ভাড়াটে বাড়ী—মায় বাস্তু ভিটেটী পর্য্যন্ত বেচ্লুম,—মাগের হাতে কাঁচের চুড়ি সার করিছি,—১০।১২ খানা Body-warrant পেছনে নিয়ে বেড়াচ্ছি,—আমি Raceএর পাকা খবর রাখিনা?

কাল। কি খেলি তবে? শিগ্গীর বল্—ঐ ঘণ্টা দিয়েছে—

২য়। কুচ বেহারের ঘোড়া—তিন নম্বর Notbutweel—Harrison চেপেছে,—খান দশেক স্রেফ্ উইন্ খেলে বসে থাক্,—দেখ্বি লাল হ'য়ে যাবি—

কাল। পাকা খবর পেয়েছিস্?

২য়। আবে Jenningsএর Stableএর খবর আমার মতন কোন্ শালা পাবে? ওর আস্তাবল আমার ঘরবাড়ী বল্লেও চলে! ওর সমস্ত ঘোড়ার Gallop আমার নখদর্পণে—তার ওপোর সমস্ত রাত মাঠে বসে চোরা Gallop দেখে নিইছি—time দেখে রেখেছি। চল্—চল্—এই বেলা খেলে আসি—চল্—

কাল। আচ্ছা—তোরা যা—আমি দু'টো একটা খবর যোগাড় করি—.

Acc 21

১ম। আমি বল্লুম—Pastimeটা খেল্, না খেলিস্—আপ্‌শোষে ম্‌ ফেটে মর্ব্বি—

( কালভৈরব ব্যতীত সকলের প্রস্থান )

কা। এসেই তো কুড়ি টাকা হেরেছি! হে মা কালী—হে মা ৰ্গা—হে বাবা পঞ্চানন্দ—দাও বাবা—কিছু মোটা রকম পাইয়ে—

( অন্যান্য বন্ধুগণের প্রবেশ )

১ম। এই যে কালু—কি খেল্‌লি ?

কা। কি খেলি বল্ দিকি বেনুদা—

১ম। যা কিছু আছে—ঠেসে Goldgainerএ লাগা—

২য়। আমি বলি শোন্—কেলো—এ বাজী ভয়ঙ্কর upset! ল্টনের ঘোড়া—Pretty girl—৮ নম্বর। উইন্—প্লেস্ খেল্‌গে যা—া—যা—

কা। মন্দ নয়—Pretty girl নামটা লাগ্‌ছে ভাল! কে চপেছে ?

২য়। Shatwell—খুব first class Jockey।

কা। তাই খেলি—তাই খেলি—

( প্রস্থানোদ্যত )

৩য়। শোন্‌না কেলো—কেন মিছে হেরে মর্‌বি ?

কা। যা ঘোড়ার ডিম—পেছু ডাক্‌লি ?

৩য়। তোর ভালোর জন্যেই বল্‌ছি—অনেক পয়সা তোর খেয়েছি—যা—একটা পাকা খবর দিই। ৯ নং ঘোড়া Lover True—Jones র stableএর ঘোড়া! মুসবুদ্দিন চেপেছে—রাজা হরি সিংএর ঘোড়া! ান পাঁচেক উইন্ খেলে ফ্যাল্—

কা। যা বলিছিস্—এ যদি মারে তো মব্‌লক্ টাকা দেবে! খুব

কম টিকিট বিক্রি—তার ওপোর বেড়ে নাম—"Lover True"—কি বলিস্—খেলিগে—

৪র্থ। যদি Sure win চাস্—৮ নম্বর Eudoxus ধর্ যে কিছু পেয়ে যাবি!

৫ম। আরে—শোন্—শোন্ কালু! দে দিকি গোটা ২৫৲ টাকা—তুই কারও কথা শুনিস্নি—৫খানা তোর হয়ে Galway Gate খেলে আসি!

২য়। দ্যাখ্ কালু—Pretty girl—যখন তোর মনে লেগেছে—তুই আইবুড়ো ছেলে—

কা। আমি কারুব কথা শুন্ছি না—Pretty girlএর জন্যেই আমি আজ Race courseএ ছুটে এসেছি—ঐ Pretty girl ১০ খানা খেলব বাবা! লাগেতো তুক্—না লাগেতো তাক্—

(সকলের প্রস্থান)

(কতিপয় মাড়োয়ারির প্রবেশ)

১ম-মা। আরে দেখো—দেখো শুখ্লাল! কয় লম্বর টিকাস্ দেখো—

২য়-মা। আরে—বহুৎ লাগায়া! কেৎনে?

১ম-মা। দোশো রোপেয়া—দেখো—দেখো—ঠিক হ্যায় কি নেহি—

২য়-মা। হাঁ—হাঁ—দো লম্বার—পিলেস্কা টিকাস্! লেও—ঠিক হ্যায়—চাল্লিস্‌! আরে ভাই—হাম্ তো পচাশ রুপেয়া—আট লম্বর খেল্ চুকা। আজ বড়া বদ্‌বক্ত্—সাফ্ নিকাল্ গিয়া—

(কতিপয় সহিস, কোচ্‌ম্যান ও খান্‌সামা ও তৎসঙ্গে কালভৈরবের প্রবেশ)

সহিস। (কালভৈরবের প্রতি) দেখিয়ে তো বাবুজি—ইয়ে কৌন টিকস্ হ্যায়—কেয়া লম্বর—

কাল। ১০ নম্বর—!

সকলে। হাঁ—ঠিক হ্যায়—

কোচম্যান্! দেখিয়ে তো বাবু—উ কোন্ ঘোড়ে—

কা। হাম্‌কো মৎ দিক্ করো বাবা—হামারা মাথাকা ঠিক নেই হ্যায়! ১০ নম্বর ব'ল্‌কে দিয়া হ্যায়—সবকে পড়না হ্যায়—

( জনৈক ভদ্রলোকের প্রবেশ )

ভদ্র। কিহে—বোমজান্—আজ কি খেল্‌লে? তোমার মেম সাহেবের কি টিপ্?

সহিস। একঠো বোল্ দিহেন্—হাম্‌লোক পাঁচ আদ্‌মি মিল্‌কে খেলা—১০ নম্বার—

ভদ্র। ১০ নম্বর? ১০ নম্বর? একখানা খেলে আস্‌বো নাকি?

কোচ্। হাঁ—হাঁ—জল্‌দি যাইয়ে—

ভদ্র। ঐ যাঃ—টোট্ বন্ধ করে দিলে—এঃ—তাইতো! তোমার সঙ্গে একটু আগে দেখা হ'লেই হ'ত—! হেরে হেরে মাথা গুলিয়ে গেছে—

কা। দশখানা Pretty girl উইন্ খেলেছি! নির্ঘাৎ—নির্ঘাৎ! যদি জেতে—অন্ততঃ তিনশো টাকা Dividend! তাহ'লে হ'ল গিয়ে—৩০০০৲ টাকা! তারপর এখনও তিনটে। চারটে বাজী আছে—এই R. C. T. C. থেকেই ৫০০০৲ টাকা আজ লুটে নিয়ে যাচ্ছি বাবা—

কতিপয় লোক। ঐ Start নিয়েছে—

১ম। কে লিড্ কচ্ছে হে—দেখি—দেখি Binocularটা—

২য়। কি রকম ভদ্রলোক মশাই—চোখ্ থেকে জিনিস্ কেড়ে নেন্?

৩য়। চুপ্—চুপ্—ঐ Goldgainer—

৪র্থ। ঐ Galway Gate—

কালু। Pretty girl—দোহাই মা কালী—Pretty giil—

৫ম। আরে কোথায় Pretty giil? নীল রঙের Jockey ঐ সব পেছনে—

জনকয়েক। Goldgainer—Goldgainer—

অন্য কয়েক। Galway Gate—Galway Gate—

অন্য কয়েক। Notbutweel—Notbutweel—

অন্য কয়েক। Pastime—Pastime—

অন্য কয়েক। Star of India—Star of India—

অন্য কয়েক। Eudoxus—Eudoxus—

সকলে। (ভিন্ন ভিন্ন ঘোড়ার নাম ধরিয়া ভিন্ন ভিন্ন লোকের চীৎকার)

পূর্ব্বোক্ত জনৈক স্ত্রীলোক। দুরাণী—দুরাণী—ঐ দুরাণী আস্‌ছে—দুরাণী—দুরাণী—দুরাণী—দুরাণী—

(বেড়ার অপর পার্শ্ব দিয়া ঘোড়দৌড়ের ঘোড়াগুলির ঊর্দ্ধশ্বাসে দৌড়াইয়া প্রস্থান)

১ম। কে মারে—কে মারে?

২য়। আমি দেখেছি Goldgainer—

৩য়। না-না—Notbutweel—

৪র্থ। আরে না-না—১ নম্বর জিৎলে—

কালু। এঁ্যা—তাইতো—তাইতো—কে মারে—কে মারে? Pretty girlতো nowhere বাবা! কে জিৎলে—দেখি—দেখি—হাঁা মশাই—কে জিৎলে—কে জিৎলে?

কয়েকজন। যাঃ চলে—ওরে ১০ নম্বর মারে—১০ নম্বর—

কয়েকজন—এঁ্যা—Pompano—Pompano—আরে বাপ্‌রে—

কাল। এঁ্যা—১০ নম্বর? সেই সহিস কোচ্ম্যানের ১০ নম্বর—ধাঃ—বাবা—( মাটীতে উপবেশন )

১ জন। ভাবি Dividend দিয়েছে—৪৮৫৲ টাকা।

কয়েক জন যুবকের প্রবেশ।

১ম যু। ওবে বাবাবে—কি সর্ব্বনাশ হ'লরে বাবা! ওরে বাবা—এমনি করে আমাব মাথাটা খেলুম রে বাবা—

২য় যু। কিরে ঝুলে? ষাঁড়ের মতন ডাক পেড়ে কাঁদ্‌ছিস্ কেন?

১ম যু। আমার ভাই সর্ব্বনাশ হ'য়েছে—এই দেখ্—হাতে বিস্কুট রয়েছে—

৩য় যু। বিস্কুট রয়েছে কি বল্?

১ম যু। দুত্তোব শালাব বিস্কুট। এ শালা সন্ত বিষের কুট।

৪র্থ। আরে মর্—কি হয়েছে বল্‌না—

১ম। মাইরি—মাইরি—কোন্ শালা ভাঁড়ায়—মাইরি—কোন্ শালা মিথ্যে কথা কয়—মাইরি—আমার ইষ্টিগুরুর দিব্যি—মা কালীর দিব্যি মাইরি—

২য়। আরে খালি দিব্বিই তো গাল্‌ছিস্—

১ম। আমি ভাই ঐ পম্প্যানোর টিকিট একখানা কিনেছিলুম—

সকলে। এঁ্যা—বলিস্ কি? কই দেখি।

১ম। এই স্তাখ্—বিস্কুট রয়েছে—

৩য়। বিস্কুট রয়েছে তাতো দেখছি! টিকিট্ খানা কই?

১ম। অন্তমনস্কে খেয়ে ফেলেছি। পম্প্যানোর টিকিট কিনে—বড্ড খিদে পেয়েছিল, চাব পয়সা বিস্কুট কিনে খেতে লেগে গেলুম। যেই ঘোড়া start নিলে—খুব মন নিবিষ্ট করে দেখ্‌তে লাগ্‌লুম। এক হাতে বিস্কুট আর এক হাতে টিকিট! অন্যমনস্কে খিদের চোটে

শালার টিকিটখানাকে খেয়ে ফেল্‌লুম—আর বিস্কুট যেমনকে তেম্‌নি হাতে রয়ে গেল! ওরে বাবারে—কি হ'লরে বাবা – ওরে বাবা—

( প্রস্থান )

সকলে। আচ্ছা গেরো যা হোক্—

( প্রস্থান )

কা। ( গালে মুখে চড়াইতে চড়াইতে ) হাঃ শালার বরাৎ—চোখের সাম্‌নে ১০ নম্বরের টিকিট দেখালে—বল্লে মেম সাহেবের টিপ্—একেবারে মন্‌মোহিনী টিপ্—এঁ্যা—এটা খেললুম না? এই দশ খানা টিকিট খেল্‌লেই তো নগদ্ ৫০০০৲ টাকা!

১জন ভদ্রলোক। তা কি হয় মশাই? বরাতে যদি অত সোজায় টাকা পাওয়া থাক্‌বে—তাহ'লে এই জুয়ার আড্ডায় আস্‌তে হবে কেন? টাকা রোজগারের তো লক্ষ লক্ষ পথ আছে! যতটা সোজা আঁচ কচ্ছেন, যত সহজে গালে চড় মেরে পয়সা রোজগার করে নিয়ে যাবেন মনে কচ্ছেন, এ ততটা সোজা জায়গা নয়! মরুভূমে মরিচীকা শুনেছেন তো? এ তাই! এ ভয়ঙ্কর আশামরিচীকা! আশায় আশায় সর্ব্বস্বান্ত হতে হবে, আশার সিকির সিকিও মিট্‌বে না!

কা। যান্ যান মশাই! আপনাকে Lecture দিতে কেউ ডাকেনি! আপনি পেয়েছেন বুঝি?

১জন ভদ্র। চেহারা দেখে বুঝতে পাচ্ছেন না—কি রকম্ ভাগ্য-বান? দুঃসময় না হ'লে Raceএ আসি? পাঁচ বাজি হয়ে গেল—একটা paymentও পাইনি –

( জনকয়েক ব্যক্তির প্রবেশ )

১ম। ১০ নম্বরের দরজা পর্য্যন্ত গিয়েছিলুম, ঐ হলধর শালা অযাত্রার মুখ দেখে আর ঢুক্‌লুম না! শালা কি ভয়ানক অপয়া!

২য়। কাল সন্ধ্যার সময় Pompanoর খবর পেয়েছিলুম রে—ইস্ আজ যে এ বাড়ীতে Pompano আছে—তা একবার চোখেও পোড়লো না—

৩য়। তোকে বল্লুম—আয় একখানা ভাগে খেলি—

৪র্থ। দূর তোর Raceএর নিকুচি করেছে—আর যদি এ স্থান মাড়াই—আমার বাপের মুখে—রাধাকৃষ্ণ—

কাল। আমিও—আমিও। আর যদি এ শালার স্থানে আসি—তা'হ'লে—তা'হ'লে—তা'হ'লে—যাক্ গে। হাঃ শালার Pretty girl-এর নির্ব্বংশ হোক্—

(প্রস্থান)

---

## চতুর্থ দৃশ্য।

রাজপথ—ইন্‌সিওরেনস্ কোম্পানীর অফিসের সম্মুখ।

ঢোলক, খরতাল ইত্যাদি বাদ্য লইয়া কুলীগণ ও কুলীরমণীগণ।

### গীত।

পু। (তাড়ি) সরাব উরাব্ আউর নেহি পিয়েগা—
কালী কসম্ মেরি জান্!

স্ত্রী। দেখেগা যে দিন্—নিশা খায়া ফিন্, পাকাড়্‌কে টানেগা কাণ॥

পু। সরাব উরাব আউর নেহি ইত্যাদি—

স্ত্রী। বনায়া রোটী ডাউল্ পুরি,
ক্যায়সা পকৌড়ি আউর ভাজা ঝুরি,
মজেমে খা লেও খসম্ হামারি, লেও তামাকু পান॥

পু। সরাব উরাব আউর ইত্যাদি—

স্ত্রী। কেয়া ফয়দা হ্যায় পিকে দারু ?

খানা বেগর্ মরে লেড়কা জরু ;—

তলব কা রুপেয়া—ঘর কভি আয়া ?

(সব) শুঁড়িকো দে দিয়া দান ॥

পু। সরাব উবাব আউর ইত্যাদি—

স্ত্রী। জমায় লে তুরন্ত্ হাজারো দো চার,

মজুরি ছোড়্কে চল্হো বাজার ;

দালালী কাম্মে কর্লে পসার,

বনাও কোঠী মোকান্ ;—

(দেখো) উম্দা জমীন্ গেঁড়াতলামে,—

( নেহিতো ) ঢুঁড়েগা চোরবাগান ॥

পু। ( তাড়ি ) সরাব উরাব আউর ইত্যাদি—

( প্রস্থান )

( মোহনলাল ও কালভৈরবের প্রবেশ )

মো। কতদিন থেকে তোমায় গরু খুঁজে খুঁজে বেড়াচ্ছি—আজ খুব ধরিছি কিন্তু ! হ্যাঁ—হ্যাঁ—আজ তো ছাড়িছি নি—

কা। আচ্ছা—কেন বল দিকি ঘ্যান্ ঘ্যান্ ক'চ্ছ ? আমি কিসের জন্যে ইন্সিওর কর্ব্ব ? আমার অবর্ত্তমানে সে টাকা খাবে কে ?

মো। টাকা থাক্লে খাবার লোকের ভাবনা ? বল্না—আমি আজই তোমার দু'শো পাঁচশো খাবার লোক ঠিক্ ক'রে দিচ্ছি—নিদেন আমার গোটা পাঁচ সাত ছেলে আছে—তাদের ভেতর থেকে দুটো একটাকে তোমার পুষ্যিপুত্তুর করে দিচ্ছি !

কা। যাও—যাও—বাজে বোকোনা! মচ্ছি নিজে টাকার ভাবনা ভেবে—উনি এলেন ফ্যাচ্‌ ফ্যাচ্‌ কত্তে—

মো। আচ্ছা—Whole life না কর—একটা বিশ বছরের Endowment কর—

কা। মাসে মাসে Premium দিতে হবে তো?

মো। মাসে মাসে না দাও—Quarterly দাও—Six-monthly দাও—নিদেন Half-yearly দাও—না হয়—আরও সস্তায় হবে—yearly premium দাও। তা'হ'লে বিশ হাজার টাকার yearly premium,—with profit—না without profit? with profit হ'লে—

কা। শোন মোহনলাল—এমন একটা কিছু Insurance ক'রে দিতে পার—যাতে দু' একদিনের মধ্যে হাজার ৫।৭।১০ টাকা পাওয়া যায়?

মো। হ্যাঁ—Suicide কল্লে টাকাটা দেয় বটে—কিন্তু একটু গোলযোগ ঘটে—

কা। আরে আমি Suicide ক'রে মলে আমার টাকাটা পেয়ে লাভ কি?

মো। তোমার Nominee ভোগ কর্ব্বে!

কা। আমার Nominee টমিনি কেউ নেই—আমি নিজে টাকাটা পেতে চাই!

মো। তা হয়—হয়! এক কাজ কর্ত্তে পার—Accident Insurance আমাদের Officeএ আছে—তা কর্ত্তে পার?

কা। কি রকম?

মো। এই কোন পথে ঘাটে কি নদীতে কি রেলে দুর্ঘটনায় পড়লে—শরীরে আঘাত টাঘাত লাগলে—টাকা পাওয়া যায়!

কা। যায়? মাইরি?

মো। নিশ্চয়ই যায়। তবে তার একটু বেশী Premium!

কা। আচ্ছা—হাজার দশেক টাকার যদি Insurance করি—মাসে কত দিতে হবে?

মো। (খাতা ও বই খুলিয়া দেখিয়া) তা টাকা পঞ্চাশ ষাট্ প্রায় পড়ে—

কা। আচ্ছা—তাই দেবো—তাই দেবো! আমার এই রকম একটা Insurance করে দাও ভাই—

মো। শুধু এই? একটা Life Insure হবেনা?

কা। এইটে আপাততঃ এ মাসে করে দাও,—আসছে মাসে বিশ হাজার টাকার একটা Life Insure কর্ব্ব।—চল—চল—তোমাদের আফিসে চল—

মো। মোদ্দাৎ—আরও দুটো চারটে আমায় client ঠিক কোরে দিতে হবে—

(উভয়ের প্রস্থান)

---

## পঞ্চম দৃশ্য।

বাজপথেব অপবাংশ।

চবকা হস্তে বমণীগণ।

গীত।

"চবকা জেনো সোয়ামি পুত চবকা জেনো নাতি,
চবকার দৌলতে রবে দোরে বাঁধা হাতি॥"
ছেড়ে দাও চুলোব ফ্যাশান,
দেশটাকে যা' ক'চ্ছে শ্মশান,
মোটা কাপড প'ব্‌তে শেখো—(মেরে) বিবিয়ানার মুখে নাথি—
(মেরে) বাবুগিরির মুখে নাথি॥
(ভুলে যাও) এসেন্স্ সাবান—পিওনোয় গান
চুলের বাশি এলিয়ে দিয়ে;—
(সারাদিন) নভেল পড়া—কুয়ের গোড়া,
(ওগো) ব'সে যাও চবকা নিয়ে;—
ঘরের লক্ষ্মী সাধ্বী সতী!
দেখ্‌ছ তো সব কি দুর্গতি!
(তোমরা) ফেরাও মতি দেশের প্রতি, (আর) নেই উপায়
না হ'লে তাঁতি॥

(গীতান্তে প্রস্থান)

(পলিসিহস্তে কালভৈরবের প্রবেশ)

কা। যাক্—আর ভাবনা কি? Insurance তো করে ফেলা গেল! দশ—দশ হাজার! প্রিমিয়ম্ দিলে ৬৬৮।১৫ পয়সা। এখন

accidentটা ঘটার অপেক্ষা! accident মানে—একটু হাতে পায়ে আঘাত! চাইকি মাথাটা একটু কেটে গেল, হাতটা পা'টা একটু ফুলে গেল, খানিকটা নাক দিয়ে রক্ত বেরুলো—এইতো accident? এ কষ্টটুকু আর সহ্য ক'র্ত্তে পার্ব্ব না? হুঁ—হুঁ বাবা—কষ্ট না ক'ল্লে কেষ্ট মেলে না! এখন accidentটা কি রকম করা যায়? দেখি ঠাউরে—

( জনকয়েক কারখানার মিস্ত্রীর প্রবেশ )

১ম। হ্যাঁ রে শিবে—প্যানা—মঙ্গলা! বলি তোদের বেবোচোনাটা কি প্রেকার? আমরা কাজ ছেড়ে দিয়ে আজ সাত দিন উপোস কত্তে লেগেছি—আর তোরা কাজে চল্লি?

২য়। তোরা উপোস কত্তে পারিস—কর্‌গা যা! আমাদের মনিব তলব বেড়িয়ে দেবো বলেছে—কত হাতে পায়ে ধরেছে—আমাদের ঘরে এক পয়সা মজুৎ নেই—আমরা কাজে যাবনি?

৩য়। তলব বাড়াবে তো দেড় বছর ধরে ব'ল্‌ছে, তলব বাড়িয়েছে রে শালা—যে ল্যাজ মুখে করে কুকুরের মত আবার ছুটছিস্?

২য়। দেখ্ রতা—শালা—শালা করিস্‌নি বল্‌ছি—আমরা বেশ কর্ব্ব কাজে যাব,—কই রোখ্‌দিকি দেখি?

৪র্থ। আরে ভাই দয়াল—যেতে দে—যেতে দে—আর নিজেদের মধ্যে কেজিয়া করে কাজ নেই! তোরাও সব কাজে চল্! বড়বাবু সাহেবদের ব'লে ক'য়ে দিয়েছে—এবার মিস্ত্রিদের তলব নিয্যস্ বাড়বে!

৫ম। আর এই যে কেরাণী বাবুদের আজ তিন বছর হ'ল এক পয়সা মেইনে বাড়েনি,—তারা তো কেউ কাজ ছাড়েনি—

১ম। আরে ও কেরাণী বাবুদের কথা ছাড়ান্ দে—তারা কি আর মানুষ! তারা সব শ্যাল্ কুকুরের অধম! আমরা সব মিস্ত্রী—বড় বড় কাজের লোক—আমাদের না হ'লে—সাহেবদের কাজে ব' পড়ে যাবে—

৩য়। কেরাণী বাবুদের কাজের কদর কি? খালি কলম ঠেলে ঠেলে ন্যাকা তো? ও কাজ ঢের সুমুন্ধি পারে! একটা কেরাণী গেলে দুশোটা কেরাণী আস্‌বেক—

২য়। আর তুই আমি ছাড়া দেশে তো আর মিস্ত্রি নেই! চল্‌ চল্‌ পেঁচো—আমরা কাজে যাই!

১ম। খবরদার যেতে পাবিনা—

২য়। পাবনা? তোর জোর নাকি?

৩য়। হ্যাঁ—আমাদের জোর! আজ যা'দিকি শালারা—দেখি—

২য়। আচ্ছা—আয় দেখি—কেমন রুখ্‌তে পারিস—

(দুই দলের ভয়ানক হাতাহাতি)

কা। লেগে গেছে—খুব মারামারি লেগে গেছে,—এর ভেতোরে ঢুকে পড়ি! চোক্‌কাণ বুঁজে একটা accident হয়ে যাক্‌—(মারামারির ভিতরে গিয়া) আরে থাম্‌—থাম্‌—আরে করিস কি? উঃ বাবারে—মেরে ফেল্লেরে—(ভূতলে পতন)

(কালভৈরবকে পদতলে দলিত করিতে করিতে মহা কোলাহলের সহিত উভয় দলের মারামারি)

(দুইজন পাহারাওয়ালা, কয়েকজন ভদ্রলোক ও মোহনলালের প্রবেশ)

পাহা। আরে শালা বদ্‌মায়েস! সড়কপর দাঙ্গা কর্‌তা? চলো সব থানামে—

১ম-ভ। আরে যাওনা পাহারোলা সাহেব—মারামারি ছাড়িয়ে দেওনা—দেখ্‌তা হ্যায়—ভয়ানক Riot হবার উপক্রম!

মোহন। আহা-হা-হা—তলায় একটা ভদ্রলোক পড়ে থেঁৎলে গেল—

ভদ্রলোকগণ। আবে—আরে-তোরা করিস্ কি? করিস্ কি?

পাহা। চলো সব থানামে—পাক্‌ড়ো-পাক্‌ড়ো—

(মিস্ত্রিগণের পলায়ন ও তৎপশ্চাৎ পাহারাওয়ালগণের প্রস্থান)

১ম ভদ্রলোক। আহা—দেখ দেখ—লোকটা ভয়ানক জখম হয়ে পড়েছে। একটু জল টল আনি—

মোহন। এঁ্যা—একি? কালভৈবব? কালু? কেলো? তোমার এ কি দুর্ঘটনা?

কা। মোহনলাল। মোহনলাল! ঠিক এসে পড়েছ! ঠিক এসে পড়েছ! এই দেখ বাবা—serious accident! দশ—দশ হাজার টাকা! শিগ্‌গিব চল—শিগ্‌গির চল।

১ম ভদ্রলোক। আ মব্-এ পাগ্‌লা নাকি?

(ভদ্রলোকগণেব প্রস্থান)

মো। কিহে—খেপ্‌লে নাকি?

কা। বড খেপাখেপি নয় বাবা! এই দেখ Policyখানা বুক পকেটের ভেতোর দিকে বেখেছিলুম—এই দেখ! দশহাজার টাকা! পৌনে সাতষট্টি টাকা প্রিমিয়াম্ ঝেড়েছি! চল ভাই—তোমার অফিস থেকে টাকাটা নিয়ে আসি—চল! ভাব্‌ছ কেন? গোটাদশেক টাকা পান খেতে দোবো এখন!

মো। নাঃ—সত্যিই মাথা খারাপ হয়েছে তোমার!

কা। কেন? আবার বেতালা গাইছ কেন বাবা?

মো। বলি—accident হ'ল কোথায় তোমার? হাতটা পাটা ভাঙ্‌লো কই? মাথাটা ফেটে চুরমার হ'ল কই! হাঁসপাতালে তোমার অজ্ঞান অবস্থায় নিয়ে গেল কই? বলি-Insurance কোম্পানি কি

এম্‌নি বোকা যে—তুমি দু'এক ঘা ঘুসো খেয়েছ কিম্বা গায়ে পায়ে একটু ছড়ে গিয়ে রক্ত পড়েছে বলে তোমাকে অম্নি দশহাজার টাকা দিয়ে দেবে? পাগল আব গাছে ফলে?

(প্রস্থানোদ্যত)

কা। এঁ্যা—বল কি? বলি—শোননা! বলি—রাগ ক'রে চল্লে যে? (হস্তধারণ) বলি - কি রকমটা কর্ত্তে হবে?

মো। হাত পা মুণ্ডু ভেঙ্গে হাঁসপাতালে রওনা হ'তে হবে! যাতে মৃত্যুটার ১৫ আনা chance থাকে—তাকে বলে accident! যদি সে রকম কিছুর পরও বেঁচে থাক,—তাহ'লে দশহাজার টাকা প্রমাণ ট্রমাণ পেলে Company তোমায় দিতে বাধ্য।

কা। সেটা কি রকম ভাবে করা যায়-তাতো ব'লছনা!

মো। এই ধর—মোটরগাড়ী চাপা - কিম্বা নিদেন ঘোড়াগাড়ী চাপা! কিম্বা নৌকাডুবি হওয়া—কিম্বা রেলে কাটা পড়া—কিম্বা Railway Collisionএ আঘাত পাওয়া! কত আর বল্‌ব? আমার কাজ আছে—আমি চল্লুম!

(মোহনলালের প্রস্থান)

কা। উঃ—মারটা মিছিমিছি বেজায় খাওয়া গেল! এক এক ব্যাটা পায়ে করে কি রকম থেঁৎলেছে! দেখা যাক্ - আর কোথায় কি কর্ত্তে পারি! সহজে ছাড়া হচ্ছেনা—

(প্রস্থান)

## ষষ্ঠ দৃশ্য।

### বড় রাস্তার চৌমাথা।

( হতাশভাবে কালভৈরবের প্রবেশ )

কা। অন্য accidentএর তেমন সুবিধে হবেনা! জলে ডুব্‌লে কে তুল্‌বে? আর হাঁপিয়ে মরা—উঃ—সে বড় কষ্ট! ছাদ থেকে লাফিয়ে পড়া—সেও তেমন সুবিধের নয়! বেজায় লাগ্‌বে বাবা! ছুটে গিয়ে মোটারগাড়ীর সাম্‌নে প'ড়ব? ওরে বাপ্‌রে! জেনে শুনে অমন করে মরণকে তেড়ে ধর্ত্তে পার্ব্বনা! রেলে মাথা দিয়ে থাক্‌লে,—শালার ট্রেন্‌ তো এক নিমিষে কুচ্‌ করে মাথাটা কেটে দিয়ে যাবে,—তখন টাকা এলেই কি আর না এলেই কি! সব চেয়ে একখানা গাড়ীর চাকার তলায় চোক বুঁজে ঢুকে পড়ি! নাঃ—সেও বড় সুবিধে হবে না! এইখেনে চৌমাথায় মেলাই গাড়ী যাতায়াত কচ্ছে—এইখেনে শুয়ে পড়ে থাকি,—যাক্‌ হাতটা পাটার ওপোর দিয়েই একখানা গাড়ী ফাড়ী চলে যাক্—

( পথিমধ্যে শয়ন )

নেপথ্যে কোচম্যান। এই—এই বাবু—

কা। আমর্‌—শালা গাড়ী থামিয়ে হাঁক দেয় যে!

( সহিসের প্রবেশ )

স। আরে এ বাবু—এ কেয়া? তোম্‌ সড়ক্‌পর শো গিয়া? আরে দারু উরু পিয়া না ক্যা?

কা। দূর ঘোড়াকা ডিম্! রাস্তায় একটু শুতেও দেয়না—

স। যাও ফুটপাথ্ পর—

( কালভৈরবকে উঠাইয়া সহিসের প্রস্থান )

( সম্মুখ দিয়া ঘোড়ার গাড়ীর গমন )

কা। ঐ একখানা ট্রাম্ আস্‌ছে—শুয়ে পড়ি—

( পথে শয়নোদ্যোগ )

পাহারা। এই—এই শালা বদ্‌মাস্—কাঁহা শোতা হ্যায়?

কা। হামারা মিরুগি রোগকা ব্যারাম হ্যায় বাবা—তাই একা তোম্‌লোক্‌কা পদরজ সর্ব্বাঙ্গে লেপন করতা বাবা!

পাহারা। যাও যাও—উধার যাও—

( পাহারাওয়ালার প্রস্থান )

( ট্রামের চলন দৃশ্য )

কা। মহামুস্কিল কল্লেতো! ঐ ক ব্যাটা উড়ে পাল্‌কি নিয়ে আস্‌ছে—ঐখেনে পড়ে থাকি! ব্যাটারা হোঁচট খেয়ে পাল্‌কিশুদ্ধ ঘাড়ে পড়লে—মস্ত accident হবে এখন!

( রাস্তার এক পার্শ্বে শয়ন—পাল্‌কী লইয়া বেহারা-গণের প্রবেশ এবং কালভৈরবকে বাঁচাইয়া শব্দ করিতে করিতে প্রস্থান )

কা। যাঃ শালা—পাল্‌কিটাও পালাল'! তাহ'লে দেখ্‌ছি নিতান্তই accident হ'লনা! তাহ'লে ব্যাটার বাপ্‌কী মারো এই Insurance policyর মাথায়—এই কুঁচি কুঁচি করে ছিঁড়ে ফেল্‌লুম—

( policy ছিন্নভিন্ন করিয়া ফেলিয়া দেওন

কাল। যাক্—৫০০৲ টাকার জন্যে দেশের বাড়ীঘরদোর সর্ব্বস্ব বিক্রি ক'র্ব্ব, নিদেন চুরি ক'র্ব্ব—ডাকাতি ক'র্ব্ব—মোটর ডাকাতি ক'র্ব্ব, গাঁটকাটা হব, সিঁদ্ দোবো,—দেখি যোগাড় হয় কি না—

( ইত্যবসরে দামোদর মিত্র একখানি মোটরগাড়ী হাঁকাইয়া আসিয়া কালভৈরবকে ধাক্কা মারিয়া ফেলিয়া দিল )

পথের লোকজন। চাপা গেছে—চাপা গেছে—মোটরগাড়ী ধর্ ধর্ —নম্বরটা দেখ্—

১ম। একখানা ট্যাক্সি বোলাও—ট্যাক্সি—ট্যাক্সি।

( ট্যাক্সির প্রবেশ )

২য়। বিনোদ। তুই যা—একে Hospital এ নিয়ে যা! এখনও বেঁচে আছে—যা—যা—তোল্ তোল্—

( মূর্চ্ছিত কালভৈরবকে টাক্সিতে উঠাইয়া কতিপয় ভদ্রলোকর প্রস্থান )

( দামোদর মিত্রকে লইয়া কতকগুলি লোকের প্রবেশ )

১ম লোক। মানুষ খুন ক'বে পালাচ্ছিলেন! খুব ভদ্রলোক তো আপনি?

দা। তা বাবা—মানুষ যে এমন সর্ব্বনেশে হয় তা কে জানে? খুন হবার জন্যে এই ভর সন্ধ্যেবেলা যে মানুষ চৌমাথায় দাঁড়াতে পারে—সে কি সোজা মানুষ?

২য়। ভদ্রলোকের বিশেষ দোষ নাই! তা মশাই—আপনি বৃদ্ধ মানুষ—তেমন ভাল হাঁকাতে জানেন না—আর বোধ হয় চোখে তেমন জোর দেখ্তেও পান্ না—

দা। তা মিছে কথা ব'ল্‌বনা বাবা—তেমন চোখে দেখতে পাইনা বটে।

৩য়। আপনার কি শফার নেই? তাকে হাঁকাতে দেন্ না কেন?

দা। আমার শফারও নেই বাবা—কপারও নেই।

৪র্থ। মোটর কিনেছেন—একটা শফার রাখেন নি?

৫ম। আরে বিপ্‌নে—ওঁকে চিনিস্‌ নি? উনি সেই আমাদের পাড়ার দামোদব মিত্তির মশাই! হরি দত্তের ছেলেটা কাপ্তেন হয়েছে না? ওঁর কাছে সর্ব্বস্ব বাঁধা দিয়ে ওঁর গহ্বরে মটরখানি পর্য্যন্ত দিয়েছে। এটা বোধ হয়—শ তিন চার টাকায় পেয়েছেন—না মশাই?

দা। হ্যাঁ বাবা নিম্‌চাঁদ—তুমি দেখ্‌ছি আমার ভেতোরের সবই জেনেছ। এ মোটবখানা সাড়ে তিন শো টাকা সুদ বাবদে দখল করে নিয়েছি।

৪র্থ। তা পেট্রোল্‌ তো খরচ কর্ত্তে হয়েছে।

দা। উঁহু—আমার এক ভাড়াটের Bentinck streetএ পেট্রোলের কারবার,—সেই আজ এক টিন্ পেট্রোল দিয়ে গেল—

৫ম। সুদের পাওনা বুঝি মিত্তির মশাই?

দা। হ্যাঁ বাবা—চোদ্দসিকে পাওনা হয়েছিল। তা সে কথা যাক্! হ্যাঁ বাবা! যে ছেলেটা—যে ছেলেটাকে তোমরা এই—বাড়ী পাঠালে—

১ম। বাড়ী পাঠালুম কি মশাই? তাকে হাঁসপাতালে নিয়ে গেল—

দা। হাঁসপাতালে? তা—তা—কেন—কেন? একটু কি-এই তোমার গিয়ে—আঘাত টাঘাত—তেমন—বিশেষ কিছু—

২য়। বলেন কি মশাই? অত বড় মোটরখানা চাপা দিলেন,—তার কি আর কোন পদার্থ আছে? হয়তো রাস্তায় যেতে যেতেই মারা গেছে!

দা। এঁ্যা—মারা গেছে? তাহ'লে—তাহ'লে—আমার—আমার—

৩য়। আপনার যা হবার—তা উত্তমমধ্যমই হবে! দেখ্‌লেন তো—পুলিসে আপনার মটরখানা নিয়ে গেল—এইবার আপনাকে টেনে নিয়ে যাবে।

দা। এঁ্যা—ওবে বাবা রে—

(চীৎকার করিয়া ক্রন্দন)

লোকগণ। আরে—বুড়ো মিন্‌সে রাস্তায় দাঁড়িয়ে কচি খোকার মতন কাঁদ্‌তে লাগ্‌ল দ্যাখ্‌!

১ম। বলি - শুন্‌ছেন মশাই?

দা। এঁ্যা—

২য়। বলি—কাঁদ্‌লে কি হবে?

দা। তবে কি ক'র্ব্ব?

৩য়। যা হ'বার তা' হয়ে গেছে! এখন একবার হাঁসপাতালে যান,—সে ভদ্রলোকের খবর-টবর নিন্!

দা। সেখানে গেলে যদি পুলিশে ধরে?

৪র্থ। সেখানে না গেলেই কি পুলিশে ধর্ব্বেনা?

৫ম। শুনুন মিত্তিব মশাই,—যদি বাঁচ্‌তে চান্—তা'হ'লে কিছু টাকা খরচ করুন। সে ভদ্রলোক যদি মারা না গিয়ে থাকে,—সম্ভবতঃ মারা যায়নি,—তা'হ'লে কিছু মোটা রকম টাকা তা'কে দিয়ে আসুন—নয়তো তার আত্মীয় স্বজন যে থাকে—তাদের হাতে দিন!

দা। টাকা? টাকা দিতে হবে? তার চেয়ে এক কাজ করুক্ না! আমি তাকে মোটর চাপা দিইছি,—সে উঠে আমাকে মটর চাপা দিক্‌না! শোধবোধ হয়ে যাবে!

১ম। সে উঠে আপনাকে জেলে কিম্বা ফাঁসিতে দেবে—আর

ড্যামেজের দরুণ ৫০০০০৲ পঞ্চাশ হাজার টাকার দাবী দিয়ে—কোর্ট্ থেকে আদায় করে নেবে— ( লোকগণের প্রস্থান )

দা। ওহে—অ ছোক্‌রা—অ ছোক্‌রা—শোননা— ( প্রস্থান )

---

## সপ্তম দৃশ্য।

দামোদরের বাটীর কক্ষ।

মানকুমারী।

গীত।

নাথ,—তোমায় ভালবাসি,—(ওগো) বড্ডই ভালবাসি।
তোমায় পেলে, সবায় ঠেলে—যেতে পারি মক্কাকাশী॥
(আমি) ব'সে ব'সে প্রেম করিব—পায়ের ওপর পা'টী দিয়ে,—
(তুমি) হেসে হেসে সাধ্‌বে এসে,
ভারী টাকার তোড়া নিয়ে;
(দেখে),—আমোদে প'ড়ব ঢ'লে,
তেড়ে গিয়ে ধর্‌ব গলে,
(তখন) লাজমান দিয়ে জলে—হ'ব ঐ পায়ের দাসী।
তুমি দেখে হবে সুখী—তাইতে এত গয়না পরি,
তোমার চ'খের সুখ হবে নাথ! তাই এত সাজসজ্জা করি;
( যদি ) গয়না টাকা বন্ধ ক'রে,—
প্রাণটী শুধু দাও হে ধরে,—
(তা'তে) চ'ল্‌বে কিসে এ বাজারে—
( খালি ) তাই ভাবি আর হাসি॥

( মঘার প্রবেশ )

ম। দিদিবাবু—হুঁ-উ হুঁ-উ –

( বিনাইয়া ক্রন্দন )

মান। কিবে—কিরে মঘা—এসেই কাঁদ্‌তে বসে গেলি যে ?

ম। হঃ—সে মু কাঁদিব !

মা। কেন ? কি হয়েছে ? তোব দেশ থেকে কি কোন চিঠিপত্র এসেছে ?

ম। হঃ –গুটে চিঠি অসিছে—

মা। কারও কোনও অসুখ বিসুখ হয়েছে কি ?

ম। ( হাসিয়া ) হঃ হঃ—দিদিবাবু—সে খুব ভলা চিট্‌ঠী অসিছে ! মোব গুটে খুক্‌-কা হইছি পরা ! ( বগল বাজাইতে ও নৃত্য কবিতে আরম্ভ ) মতে দুটা ভলা জামা দিতি হ্বাব—

মা। সেই জন্যে কি আনন্দে কাঁদ্‌ছিলি ?

ম। হঃ–সে মু কাঁদিব ! খুব কাঁদিব ! হঃ—হঃ—জগড়নাথ—সুভদ্‌বা—বডরাম—ই কঁড় কবিল—হঃ—হঃ—হঃ—

( ক্রন্দন )

মা। আরে মর্‌—আবার কাঁদ্‌তে সুরু কল্লে দেখ !

ম। সে কাঁদিব না কাঁইকি—দিদি বাবু ? হঃ—হঃ—মোর এমন মনিব—হঃ-হঃ-হঃ—সে কর্‌ত্তা বাবু আর কঁউটী মিলিব ?

মা। এ্যাঁ—সেকি—কর্ত্তাবাবু ? বাবা ? কি হয়েছে ! আমার বাবার কি হয়েছে মঘা ?

ম। হঃ-হঃ—সে তুমার বপ্পা—সে মোরও বপ্পা ! অহ্‌—অহ—সে মনিব আউর কঁউটী মিলিব ?

ম্য। মঘা—মঘা—তোকে ব্যাগ্রতা ক'চ্ছি—শিগ্গীর বল্—বাবার কি হ'য়েছে।

ম। কর্ত্তা বাবু হবা-গাডী চপা পডিছি—

মা। এঁ্যা—সেকি—কোথায়—কখন্? চল্—চল্—এঁ্যা—মোটর গাডী চাপা পড়েছেন? বাবা? এঁ্যা—বাবা আমার প্রাণে বেঁচে আছেন তো? এঁ্যা—

ম। সে বাঁচিমি না কাঁইকি? সে ঘাস্পাতাডে যাইকিরি বঁচি গলা!

মা। কোন্ হাঁসপাতালে? তোকে কে ব'ল্লে?

ম। সে ভাগবত পণ্ডা ঠউব মোব সোনা ভায়ের বসায় অসিকিরি কহিলা—কর্ত্তা বাবুরে পুলিশে ধরিকিরি নেই গেছে।

মা। এঁ্যা—এ আবার কি কথা? বাবাকে পুলিশে ধরে নিয়ে যাবে কেন?

ম। ধরিমি না? হবা গাডী চপা পডিছে—পরালা ধবিমি না কাঁইকি? মু সেদিন বড বস্তায় পান নেইকিবি আসিছন্তি,—এক সঁড়া বাবু হবাগাডী চালিকিরি ভেঁা-পেঁা—ভেঁা-পেঁা—বঁশী রাজাইকিরি আসিছন্তি। মু যেমতি হবাগাডী কাছে আসিল—সঁড়া গুডবান্ মতে এমন ছটাস্ কিবি গুটে থাপ্পড় মারিল—মু ফুটোপথে পড়ি গলা। সঁডা পহরলা অসিকিরি—মতে আউর গুট্টে ঘুস্সা মারি পুলিশে নেই গড়া! থানায় নেইকিরি নিস্পিটুটা বাবু মতে "সঁড়া অন্ধা" বলিকিরি ক্যাব্ চার ঘুস্সা দিইথিলো! মু অঠ্ঠো অন্ন পুইসা দেইকিরি তুমার বসায় চড়ি অসিলা!

মা। তোর কথা তো আমি কিছু বুঝ্তে পাচ্ছিনা! যাই—দরোয়ানকে নিয়ে গাড়ী জুতিয়ে একবার Hospitalএ যাই! প্রথমে Medical Collegeএ যাব—সেখানে না পাই—

( দামোদরের প্রবেশ )

মা। এই যে বাবা! বাবা—বাবা! তুমি নাকি মোটর চাপা পড়েছিলে?

মঘা। জয় প্রভু জগডনাথ! কৰ্ত্তা বাবু বঁচি গলা!

মা। হ্যাঁ বাবা—কি হ'য়েছে বলনা! আমি যে কিছুই বুঝ্‌তে পাচ্ছিনি! তুমি কথা কইছ না কেন?

দা। কথা আব আমাব মাথামুণ্ড কি কইব! মটর চাপা আমি পড়'তুম তো ভালই হ'ত—

মা। তবে কি তোমাকে পুলিশে ধরে নিয়ে গিয়েছিল?

দা। এঁ্যা—যাবে নাকি? পুলিশে ধরে নিয়ে যাবে নাকি? ও মা ম্যানিলা—কি হবে মা? ওবে বাবাবে—ওরে মঘা—(ক্রন্দন)

ম। কঁড় কইছন্তি কবতা বাবু! (ক্রন্দন)

মা। বাবা—বাবা—কি হয়েছে? কেন কাঁদ্‌ছ? ওরে মঘা! তুইও যে কাঁদ্‌তে সুরু ক'র্লি? ও বাবা—চুপ কর—চুপ কর—

দা। চুপ্‌ কৰ্ব্ব কি কবে মা? এখুনি কোমরে দড়ি দিয়ে জেলে টেনে নিয়ে যাবে! তারপর যদি তাব ভালমন্দ হয়ে থাকে—তাহ'লে ফাঁসি! ওরে বাবা—ওমা ম্যানিলা—(ক্রন্দন)

ম। হ জগড়নাথ—ই কঁড় হইল রে বপ্পা—(ক্রন্দন)

মা। ছাখ্‌ মঘা! ভাল চাস্‌ তো—এখান থেকে চলে যা বল্‌ছি! নইলে ঝঁ্যাটা মার্ত্তে মার্ত্তে বিদায় করে দোবো—

দা। ওমা ম্যানিলা—ওকে এখন আর ঝাঁটা মেরে বিদায় করে কাজ নেই! এখন আমার কি হবে তাই বল্‌!

মা। তোমার কি হয়েছে—তাতো কিছু বল্লে না বাবা!

দা। সৰ্ব্বনাশ হ'য়েছে—আমার সৰ্ব্বনাশ হ'য়েছে—

মঘা (ক্রন্দনস্বরে) অহ—হ—হ—

মা। ফের্ মঘা—পাজী ?

দা। অত টাকা দামের মোটর খানা—পুলিসে বাজেয়াপ্ত করে নিয়ে গেল ! তার ওপোর সে ব্যাটা—একবার চাপা পড়েই অম্নি মরে যাবে—তা কে জান্‌তো মা ?

মা। এঁ্যা—সে কি বাবা ? তুমি কি ক'াকেও মোটর চাপা দিয়েছ নাকি ?

দা। তা দিইছি !

মা। এঁ্যা—বল কি ? তার পর ?

দা। তারপর আর কি ! বে-আক্কেলে ব্যাটা যেমন মটরের ধাক্কা খেয়ে পড়া অম্নি আমার মৃত্যু !

মা। তোমার মৃত্যু কি ? সে লোকটা কি বেঁচে আছে ?

দা। হঁ্যা—তা থাক্‌বে বইকি। বেঁচে না থাক্‌লে কি মোটর চাপা পড়ে ?

মা। তবে আর ভাবনা কি ?

দা। ভাবনা কি ? ভাবনা পঞ্চাশ হাজার টাকা। ড্যামিজ্‌ ড্যামিজ্‌ ! ওরে বাবারে—এর চেয়ে আমার ফাঁসি যাওয়া ভাল !

মা। তা—এর জন্তে আর ভাবনা কি বাবা ? আমি এখুনি নলিন মামাকে ডেকে আনি ! তিনি এটর্ণী মানুষ—তিনি এ বিষয়ে যা পরামর্শ দেবেন—তাই কর্ব্বে !

দা। তাই যা—তাই যা মা ! উঃ—পঞ্চাশ হাজার টাকা—পঞ্চাশ হাজার টাকা ! যা মা—যা—শিগ্গীর !

মা। দিদি বাবু—চড়—চড়—মু জির—

মা। নাঃ—তোকে যেতে হবে না! বেড়াতে যাবার জন্যে আমি গাড়ি জুতিয়ে রেখেছি,—আমি একা যাব—

( মানকুমারীর প্রস্থান )

দা। মঘা রে মঘা—

ম। কঁড় কইছন্তি করতা বাবু—

দা। কি হবে বাবা—বল্‌তে পারিস্‌?

ম। সে আপনঙ্ক ফঁসি হব। আউর কঁড়।

দা। এঁ্যা—বলিস্‌ কিরে। ফাঁসি হবে কিরে?

ম। ফঁসি হব না কাঁই? আপনি মনুষকু মারি পকাইলা—আউর কম্পনী সারো আপনাকে ছাড়ি দেবি? হিঃ—

( মঘার প্রস্থান )

দা। (ক্রন্দন) ওরে বাবারে—এ শালা উড়ে আবার কি বলে? ওরে শালা মঘা—আমার যে সুদে আসলে লোকের কাছে প্রায় এক লক্ষ টাকা পাওনা! ওরে বাবা—ফাঁসি গেলে আদায় কর্ব্বে কি ক'রে?

( দেনাদার ভদ্রলোকদ্বয়ের প্রবেশ )

দা। এঁ্যা—এই যে গঙ্গাপ্রসাদ—এই যে তিলকদাস! তোমাদের তিন মাসের করে সুদ বাকি পড়ে গেল; এ সুদ এবার আসলে চ'ড়বে—তা জান?

১ম ভ। আজ্ঞে—তা চ'ড়বে বই কি! আর সেই সঙ্গে আপনিও তো ফাঁসি কাঠে চ'ড়বেন?

দা। এঁ্যা—সে কি? আমি? কেন? ওরে বাবারে—

২য়। মস্ত বড় জমীদারের ছেলেকে মটর চাপা দিয়েছেন—মনে আছে তো?

দা। এঁ্যা—দোহাই—দোহাই বাবা গঙ্গাপ্রসাদ—ও বাবা তেলকদাস—দোহাই বাবা—

১ম। এখন আর দোহাই ব'লে কি হবে? ঐ জন্যে বরাবর বলে এসেছি—পরের গলায় ছুরি দেবেন না,—সেই ছুরি নিজের গলায় পড়বে।

২য়। তিন মাসের বাকি সুদ—অমনি এক কথায় তড়াক্ ক'রে আসলে চড়ে গেল? ফাঁসি হবে না?

দা। না বাবা—চড়বে না—দোহাই—মাইরি বলছি—ছমাসের হ'লেও চ'ড়বে না। খালি সুদটা দিয়ে যা—

১ম। এখনও সুদ? ফাঁসিকাঠে পা বাড়িয়েও সুদ?

২য়। জলজ্যান্ত মানুষটাকে মটর চাপা দিয়ে—আবার আমাদের কাছে সুদ?

দা। কেন বাবা? তোমাদের বুকের ওপোর দিয়ে তো মটর চালাইনি? তবে তোমাদের কাছে সুদ চাইব না কেন?

১ম। আরে—সে যে আমার আপনার বোন্‌-পো!

দা। বোন্‌-পো?

২য়। আর আমারও বাপের আপনার সতাতো ভাই!

দা। এঁ্যা—বল কি? তাহ'লে—তাহ'লে বাবা—মাইরি—আদ্ মাসের সুদ ছেড়ে দিলুম—

১ম। মোটে আদ্ মাসের? চল হে চল।

দা। না না—পুরো এক মাসেরই না হয়—

২য়। এক মাসের? বটে? ভিক্ষে নাকি? চল গঙ্গাপ্রসাদ—

দা। আরে দাঁড়ানা বাবা—দেড় মাসের—না না—দুমাসের—দুমাসের—

১ম। তুমি চলে এস তেলকদা—

দা। কেন বাবা—দুমাসেও রাজী নও? উঃ তোদের কি এতটুকু দয়ামায়া নেই রে? এঁ্যা—

২য়। দয়ামায়া দেখাচ্ছি—একবার হাতে হাতকড়ী পরাতে পারে হয়—

দা। না—না—না—আমি ছেলেমানুষ বৃদ্ধ—কি ব'লতে কি বলে ফেলি। আচ্ছা ঐ নেবে বাবা—পুরোপুরি তিন মাসের ছাড়লুম।

উভয়ে। দাও—রসিদ লিখে দাও!

দা। তা দিচ্ছি? তাহ'লে আমার ফাঁসির উপায়টা কি কল্লে বাবা?

১ম। আচ্ছা—এক কাজ করুন—হাজার দশেক টাকা সেই লোকটাকে ঘুস্ দিয়ে আসুন, আমরা তাকে ব'লে ক'য়ে সব ফ্যাসাদ কাটিয়ে দিচ্ছি—

দা। ও বাবা—দশ হাজার টাকা?

১ম। বটে? দশ হাজার টাকা শুনে আঁৎকে উঠ্লেন যেঁ? ফাঁসি বাঁচাতে হ'লে—একটা ইন্‌স্‌পেক্‌টার্‌কে ঘুস খাওয়াতেই দশহাজার গলে যাবে! তারপর অ্যাটর্ণি—ব্যারিষ্টার, আদালতের টিকটিকী গিরগীটী—এদের দিতেই দামোদর মিত্রের বাস্তুভিটে খানির পর্য্যন্ত গুঁড়ো ধুলো থাক্‌বেনা!

দা। এঁ্যা—বল কি?

২য়। আর ব'ল্‌ব কি! এত বয়েস হয়েছে—পুলিসের ব্যাপার কিছু জানেন না? যদি সহজে গোল মেটাতে চান—যদি অল্পে অল্পে কাজ হাসিল ক'র্ত্তে চান্—এখুনি হাসপাতালে গিয়ে সে লোকটাকে চুপি চুপি দশটী হাজার টাকা গুণে দিয়ে আসুন,—দেখ্‌বেন কোনও গোলমাল উচ্চবাচ্য হবেনা! এদিকে আমরাও তাকে বুঝিয়ে পড়িয়ে ঠাণ্ডা করে দোবো!

দা। আরে—সে তো চাপা পড়ে মরে গেছে,—তাহ'লে টাকা দিই কা'কে?

২য়। এঁ্যা-বলেন কি? টাকা পেলে মরা মানুষ বেঁচে ওঠে—সেটা কি আপনার মতন লোককে ব'লতে বোঝাতে হবে?

২য়। এই আপনার বেমৃমো তলায় এক ঘা লাঠী মেরে যদি আপনাকে পৌণে মরা করে ফেলি—আর সেই সঙ্গে দুশো টাকা যদি এনে আপনার হাতে গুঁজে দিই,—আপনি তখুনি আরাম হন না?

দা। তা—আমি কেন তা'কে দুশো টাকা দিই না?

১ম। আপনার মতন লোক দুশো কেন—দুটো টাকা পেলে মরে গিয়ে বেঁচে ওঠে। সে হ'ল মস্ত খয়রাতি লোক,—টাকা কড়ি গ্রাহ্যই করে না! তাকে দশ বিশ হাজার না ঝাড়লে—সে বাঁচ্‌বে কেন মশাই?

২য়। আমরা সোজা কথা ব'লে গেলুম,—ইচ্ছা হয়—এই উপদেশমত কার্য্য করুন—

১ম। আর নইলে সর্ব্বস্ব খোয়ান্ আর ফাঁসি যান্!

দা। তা—তোমরা—তোমরা একটু দাঁড়াও—আমি দেখি—টাকাটা যদি প্রাণ ধরে বার কর্ত্তে পারি।

১ম। আমাদের সুদের রসিদটা—

দা। তোমরা একটু বৈঠকখানায় বোসো—

(দামোদরের প্রস্থান)

১ম। এটা করে আমাদের লাভ কি হ'ল?

২য়। থাকনা ব্যাটার কিছু নব্‌লক্ টাকা খসে! আমাদের তিন মাসের সুদই লাভ!

(উভয়ের প্রস্থান)

## অষ্টম দৃশ্য।

### হাঁসপাতাল।

পৃথক পৃথক শয্যায় রোগীগণ ও কালভৈরব শায়িত।

নার্স্ ও ডাক্তার।

ডাক্তার। (কালভৈরবকে পরীক্ষা করিয়া) এই ছোক্‌রা—এই—চোক্ চাও—চোক চাও! কথা কও ব'লছি—

কা। (বিকট রবে) গোঁ—গোঁ—

ডা। কি কষ্ট হ'চ্ছে তোমার?

নার্স। মিছে ওর সঙ্গে কথা কইবার চেষ্টা ক'চ্ছেন—ডাক্তার সেন! Peculiar patient! মোটর চাপা পড়ে এসেছিল, কোথাও কোন রকম আঘাত টাঘাত দেখ্‌তে পাওয়া যায় নি! অথচ রোগীর সাড়াও নেই,—শব্দও নেই!

ডা। বোধ হয় internal fracture হ'য়েছে! ভেতোরে খুব হেমারেজও হ'চ্ছে সম্ভব!

না। কি জানি—কিছুই তো বুঝ্‌তে পাচ্ছিনা! কিন্তু দুধ খাচ্ছে খুব! এই এক দিনের মধ্যে প্রায় তিন সেরের ওপর দুধ খেয়ে ফেলেছে! সাহেব অর্ডার দিয়ে গেলেন,—কোন রকমে যেন একে disturb করা না হয়!

ডা। আমিতো Examine করে কিছুই বুঝ্‌তে পাল্লুম না! যা হোক্—একটু watch কোরো;—হয়তো ঠিক ডায়োগ্‌নেসিস্ হ'চ্ছে-না! আমি কাল একবার Battery দিয়ে try ক'র্ব্ব—

নার্স। আমিও সেই কথা বলি! খুব একটা strong Battery না দিলে এর sense আস্‌বেনা!

( ডাক্তার ও নার্সের অন্যান্য রোগীর নিকট গমন )

কা। (স্বঃ) শালা-শালীরা আমাকে যেন মৌচাক্ পেয়েছে! আমার কাছ থেকে আর নড়তে চায়না! ইস্ -Policy খানা এ সময় থাকৃলে—এই অবস্থায় টাকাটা ঠিক পাওয়া যেতো! নইলে-আর দু এক দিন বাদেই Hospital থেকে তো নির্ঘাৎ দূরীভূত করে দেবে! দেখেছ—সময় মন্দ হ'লে এই রকমই হয়! মোটর চাপা পড়েও দেহের একজ্যায়গায় একটু ছড়ে পর্য্যন্ত গেলনা—

( দামোদরের প্রবেশ )

দা। ডাক্তার মেমসাহেব! কাল সন্ধ্যের সময় মোটর চাপা কোন্‌টী পড়েছিল?

নার্স। এই যে—১৭ নম্বর বেডিংএ! ঐ খানে যান্—

দা। কাছে যাব কি?

না। যাবেন বই কি! আপনার আত্মীয় তো? দেখ্‌বেন বই কি? তবে বেশীক্ষণ থাক্‌তে পাবেন না—

দা। প্রাণে বেঁচে আছে তো?

না। হ্যাঁ—আপাততঃ আছে বলেই বোধ হ'চ্ছে! যান্—ঐখানে বসুন! গায়ে হাত টাত বেশী দেবেন না! caseটা খুব serious ব'লেই মনে হ'চ্ছে—

ডা। বেশী চেঁচিয়ে কথা কইবেন না,—ভেতরে খুব হেমারেজ হ'চ্ছে। হয়তো Brain এর Artery ছিড়ে গেছে! poor soul!

না। বসুন—সাম্‌নে ঐ চেয়ারখানায় বসুন! আপনি ভয় পাচ্ছেন

কেন? হাঁসপাতালে এনেছেন বলেই Case খুব serious হয়েছে! বিশেষতঃ আমরা যখন রয়েছি, তখন serious না হ'লেও খুব serious দাঁড় করাব! বাড়ীতে থাকলে এটা তত serious নয়! প্রমাই থাকে—নিশ্চয়ই বাঁচবে!

ডা। Patientএর state যতই precarious হোক্‌না,—প্রমাই যত্মপি থাকে—আমি guarantee দিচ্ছি—উনি নিশ্চয়ই বাঁচ্‌বেন—

(ডাক্তার ও নার্সের প্রস্থান)

দা। ব্যাটাবেটীরা কি বলে গেল—কিছুই বুঝ্‌লুম না! তাহ'লে এখনো মরেনি!

(কালভৈরবের প্রতি) হ্যাঁ বাবা—মটর-চাপা-পড়া বাবু! একবার মুখের কাপড়খানা খুলবে কি?

কা। উঁ—হুঁ!

দা। তাহ'লে তুমি বেঁচে আছ?

কা। উঁ—হুঁ!

দা। সত্যি কি বাঁচ্‌বেনা বাবা?

কা। উঁ—হুঁ!

দা। এঁ্যা—সেকি? তাহ'লে যে আমি ফাঁসি যাব বাবা!

কা। হুঁ!

দা। কিছু টাকা পেলে বাঁচ্‌তে পার?

কা। হুঁ—উঁ!

দা। এক শো টাকা দোবো বাবা?

কা। গোঁ—গোঁ—গোঁ—

দা। না—না—বাবা—মোরোনা বাবা—মোরোনা! একটা শূন্যি ভুলে বাদ দিয়েছিলুম! এই নাও বাবা—হাজার টাকা দিচ্ছি—

কা। গোঁ- গোঁ—

দা। আবার গোঁয়াচ্ছ কেন বাবা ? আচ্ছা—নাও বাবা ! দুহাজার—দুহাজার নগদ দিচ্ছি—

কা। গোঁ –ঘড়র্—ঘড়্র—গোঁ—ঘড়্র—ঘড়র্—

দা। এঁ্যা—তাইতো ! অনেকটা যে ধাতে এসেছিলে বাবা—আবার – আবার গলা ঘড়ঘড় সুরু ক'ল্লে কেন ? বুঝিছি—হাজার পাঁচেক না নিয়ে ছাড়ছোনা ! আচ্ছা—হাত বার করো বাবা—

কা। ( হেঁচ্কি তোলন )

দা। এঁ্যা—একি—একি—একি—হেঁচ্কি তোল যে ? খাবি খাবে নাকি ? যাঃ সর্ব্বনাশ ! ও বাবা – ও বাবা—মটর চাপা-পড়া বাবা—ও খাবিখাওয়া—হেঁচ্কিতোলা মাণিক ! দশহাজার—দশহাজার দিচ্ছি—বেঁচে ওঠো – বাবা—বেঁচে ওঠো—

কা। ( হাত বাহির করিয়া পূর্ব্বোক্তভাবে হেঁচ্কি তোলন )

দা! এই নাও—হাজার টাকা করে দশ খানা নোট্ হাতে নিয়ে গুণে দেখ—বেঁচে ওঠো—

কা! ( মুড়ি দেওয়া চাদরের ভিতর টাকাসমেত হস্ত ঢুকাইয়া লওন ) আঃ--বাচলুম !

দা। আমিও বাঁচলুম্ বাবা—আঃ—

( নার্সের প্রবেশ )

না। আপনার time শেষ হয়ে গেছে ! বেরিয়ে আসুন ! কেমন দেখ্‌লেন ?

দা। যাক্—বেচারি বেঁচে গেছে ! আর আমার কোন ভয় নেই !

না। তা'হ'লে কাল এসে সঙ্গে করে বাড়ী নিয়ে যাবেন ! ও Patient আজই সেরে যাবে আমার বিশ্বাস !

দা। সারবেনা? ওর চোদ্দপুরুষ সারবে! যাহোক্—ওর কাছে আর কা'কেও আস্‌তে দেবেন না বিবিসাহেব—না—না—ডাক্তার সাহেব—না—না—ডাক্তার ঠাক্‌রুণ—না—না ডাক্তার ধাইমা বিবি!

না। সেকি? আর যদি কেউ ওঁর আত্মীয়স্বজন দেখা ক'র্ত্তে আসেন—

দা। কোন শালাকে ওর কাছে যেতে দেবে না! অনেক টাকা দিয়ে বাঁচিয়ে গেলুম! একবার বেঁচে খাড়া হয়ে হাঁসপাতাল পাব হ'লে হয়, ব্যা'টার কাছ থেকে সুদশুদ্ধ আদায় করে নোবো!

না। কি ব'কছেন আপনি? চলুন—চলুন—

দা। এখানে আমার থাকা নিতান্তই চ'লবেনা?

না। Don't disturb—I say—

( ধাক্কা দিয়া দামোদরকে লইয়া প্রস্থান )

কা। জয়—কালী মায়ীকি জয়! খোদা যব্ দেতা—ছপ্পর ফোঁড়কে দেতা! উঃ—কি রকম সাতপুরু ছপ্পড় ফুঁড়ে দশ-দশহাজার টাকা পাইয়ে দিলে! ম্যানিলা—ম্যানিলা—! হুঁ—হুঁ—এইবার তোমার ল্যাক্‌লাইন্ Rope গলায় দিয়ে কি রকম প্রেমটা ক'র্ব্ব! আর না—আব এখানে না! দৌড়—দৌড়—টেনে দৌড়—একবারে বোনাইবাড়ী—

( অন্যান্য রোগীগণের খাটের উপর দিয়া উন্মত্তভাবে লাফাইতে লাফাইতে পলায়ন এবং রোগীগণের বিকট চীৎকার)

নার্শ, সুপারিন্‌টেণ্ডেণ্ট্, হাঁসপাতালের ডাক্তার এবং অন্যান্য লোকজনের প্রবেশ।

সকলে। এঁ্যা—কি হয়েছে—কি হয়েছে—

রোগীগণ। আমাদের বুকে পা দিয়ে মেরে ফেলেছে—

নার্শ। এঁ্যা—সেকি? এদের কি এক সঙ্গে ডিলিরিয়াম্‌ হ'ল নাকি?

স্থপা। এঁ্যা—একি? ১৭ নম্বর বেড়িং খালি যে? Patient কোথায়?

সকলে। এঁ্যা—তাইত—তাইত—সেকি?

১ ম-রোগী। তাঁকে ভূতে পেয়েছিল! সে হঠাৎ লাফিয়ে উঠে আমাদের পায়ে খেঁৎলে পালাল!

সকলে। চোর—চোর—খুন -খুন—খুন—পাক্‌ড়ো—পাক্‌ড়ো—পাক্‌ড়ো।

(সকলের প্রস্থান)

---

## নবম দৃশ্য।

### বনমালির বাটী।

লক্ষ্মী। কোথাও খুঁজে পেলেনা? তা কি হয়?

বন। না—কোথাও খুঁজে পেলুম না! মাইরি বল্‌ছি—নিজে সকালসন্ধ্যা চাদ্দিকে সন্ধান ক'চ্ছি, তার আলাপী যাকে দেখেছি—তাকেই জিজ্ঞাসা করেছি! সন্ধান নিতে ৫। ৭। ১০ জন লোক অনবরত লাগিয়ে রেখেছি,—কোনও খবর পাওয়া গেল না! আর কি ক'র্ব্ব?

ল। তবে কি ভাইটী আমার উড়ে গেল?

বন। বোধ হয় পাওনাদারের ভয়ে ক'ল্‌কাতা ছেড়ে পালিয়েছে!

ল। পাওনাদারের আবার ভয় কি? পাওনাদার বাঘ না ভালুক? টাকা ধার করেছে—করেছে,—আবার হ'লে দেবে! এতে আর ভয়টাই

বা কিসের? এই যে,—তোমার কাছে সাড়ে তিন হাজার টাকা ধার করেছে,—তা বলে তোমাকে কি ভয় কত্তে হবে নাকি?

বন। সকল পাওনাদার তো আর আমার মতন তার গোবেচার্‌ি বোনাই নয়,—যে টাকা ধার দিয়ে—চুপ্ করে থাক্‌বে!

ল। চুপ্ করে থাক্‌বে না তো কি কর্ব্বে? শালার কাছ থেকে কোন্ মুখে টাকা চাইবে? কথায় বলে—"গলার মধ্যে মালা— আর কুটুম্বের মধ্যে শালা!" লোকে বাপখুড়োকে যত না খাতির করে,—শালাকে তার চেয়ে বেশী খাতির করে—তা জাননা?

ব। তা আর জানিনা? শালার খাতিরে—শালার বোন্‌কে পর্য্যন্ত মাথায় করে রেখেছি! এবার মনে কচ্ছি—শালাকে পুষ্যিপুত্তুর নিয়ে—যথাসর্ব্বস্ব শালা আর শালার বোন্ শালীকে সমর্পণ করে—সেতুবন্ধ রামেশ্বরে গিয়ে বানপ্রস্থ অবলম্বন কর্ব্ব!

( কালভৈরবের প্রবেশ )

কা। Hallo—Hallo দিদিমণি—হুয়া হুয়া—বোনাইবাবু—(নৃত্য

ব—ল। এঁ্যা—একে? কালু—কালু?

কা। হ্যাঁ—শ্রীযুত কালভৈরব বসু মহাশয়—এবার একেবারে শ্রীচরণকমলেষু! চল—চল—ঘরের ভেতর চল! ফাঁকায় নয়—ফাঁকা নয়—

ব। কি ব্যাপার কি রে কালু? কোথায় ছিলি?

কা। হাঁসপাতালে।

ল। ওমা—সেকি—কেন?

কা। ক্রমশঃ ক্রমশঃ! এই নাও—বোনাইবাবু—৫ হাজার টাকা নগদ! সাড়ে তিন হাজার তোমার,—হাজার টাকা পাওনাদার শালা

দের—আর পাঁচশো টাকা আপাততঃ স্বদেশীদের National fund এর চাঁদা !

ব। কি ব্যাপার কি ? চুরি ক'রে আন্‌লি নাকি ?

কা। হ্যাঁ—মনচুরি—প্রাণচুরি ! বোনাই বাবু—বোনাই বাবু—ব্যাস্থির হোয়োনা—ব্যাস্থির হয়োনা ! এই দেখ আরও পাঁচহাজার মুঠোর ভেতর ! ধর্ম্মের টাকা বোনাই বাবু ! ডাহা যমের বাড়ীর পথ থেকে রোজগার করে এনেছি !

ল। এ আবার কি পোষাক পরে এলি ? তোর কাণ্ডকারখানাতো কিছু বুঝতে পাচ্ছিনা—

ব। এতো দেখ্‌ছি হাঁসপাতালের রুগীর পোষাক—

কা। এখুনি এ পোষাক ছাড়তে হবে ! বোনাই বাবু ! একটা কোট্‌ পেণ্ট্‌লুন ধার দিতে পার ?

ব। তোকে এক সুট্‌ সাহেবের পোষাক দিচ্ছি—

ল। খবরদার কালু—ও সব পোষাক টোষাক এখানে পরা চল্‌বে না ! চল্—ভাল ঢাকাই কাপড় চাদর দিচ্ছি—চল্—

কা। ওঃ—তাহ'লে তো একেবারে লব কাত্তিক—

ল। কোথায় যাবি ?

কা। দামোদর মিত্তিরের বাড়ী ! তোমার ভাজকে আন্‌তে ! বোনাই বাবু ! শিগ্‌গির এসো—দেরী হয়ে যাচ্ছে ! দিদি—দিদি—দেরি কোরোনা—দেরি কোরোনা—

( বনমালি ও লক্ষ্মীকে টানিয়া লইয়া প্রস্থান )

নেপথ্যে ব-ল। ওরে—পড়ে মোরবো—পড়ে মোরবো—

## দশম দৃশ্য।

### দামোদর মিত্রের বাটীর প্রাঙ্গণ।

দামোদর ও মানকুমারী।

মা। যাক্—ভালই হ'য়েছে! গরীব লোক দশহাজার টাকা যখন নগদ পেয়েছে—তখন সব গোলই চুকে গেছে!

দা। উঃ—দশ দশহাজার টাকা! বলিস্ কি মা? উঃ—মধা—ওরে ব্যাটা মধা—

(মধার প্রবেশ)

এক গ্লাস্ জল নিয়ে আয়—

ম। সে পয়খানা গাড়ুতে জল দেইছি পরা! সে এখানে আনিব?

দা দূর হ ব্যাটার ছেলে—

মা। ওকে কোন কাজ বল কেন বাবা? আমি এনে দিচ্ছি—

দা। আচ্ছা থাক্—থাক্—তুই আমার কাছে থাক্! উঃ—দশ-দশ হাজার টাকা—

মা। আবার ও কথা কইছ কেন? আজ তো তুমি পাঁচহাজার টাকা নগদ পাবে! আজ কালভৈরব বাবুর টাকা নিয়ে আস্‌বার শেষ দিন—

দা। আস্‌বে—আস্‌বে? সে কি টাকা দিতে পারবে? তাহ'লেও কতকটা শোক নির্ব্বাণ হয়!

মা। নিশ্চয়ই নিয়ে আস্‌বেন! আমার তো খুব মনে নিচ্ছে—

দা। সেই জন্তেই তো বিয়ের কন্‌ট্রাক্‌টা ঠিক করে নিয়ে দাঁড়িয়ে আছি—টাকা পেলেই সই করে দোবো—

( কালভৈরবের প্রবেশ )

কা। সই করুন—এক্ষুনি সই করুন—আর এক সেকেণ্ড্ দেরী কল্লে আমি মোটরের চাকার তলায় পড়ে accident কর্ব্ব !

দা। এস—এস—বাবা কালভৈরব এস ! আমি এতক্ষণ তোমার কথাই ভাব্‌ছিলুম -

কা। আস্‌বোনা ? মবদ্ কি বাৎ আর হাতীকা ইয়া লম্বা গজদাঁত! কই—কই—ম্যানিলা কই—

মা। এই যে—এই যে আমি— অগ্রসর)

দা। ( বাধা দিয়া ) খবরদার—আগে টাকা পেমেণ্ট্ হোক্—

কাল। উঃ—কি চামার আপনি ! না—না—কি ভদ্রলোক আপনি ? এই নিন—এক হাজার—দুহাজার—তিন হাজার—চার হাজার—পাঁচ হাজার ! আর চাই ?

দা। এঁ্যা—এঁ্যা—আরও আছে নাকি ?

কা। কত চাই ? দশহাজার—বিশ হাজার—পঞ্চাশ হাজার—লাখ্, বিশ লাখ—দুকুড়ি দশ ? কত চাই ?

দা। তা—আর কিছু—

মা। কেন বাবা ? অন্যায় কথা বল্‌ছ কেন ?

কা। কি ? জচ্চুরি ? পাহারোলা ! পুলিস্ ! বোনাই বাবু—

দা। না—না বাবা—ভেজাল কোরোনা ! পুলিস্ ফুলিস্ ডেকোনা—এই নাও—Contract সই করে দিচ্ছি— সহি করণ )

কা। সাক্ষ্য ? বোনাই বাবু—বোনাই বাবু—সব নিয়ে এস—সাক্ষ্য হতে হবে।

( বনমালি ও স্বদেশী যুবকগণের প্রবেশ )

দা। এঁ্যা—এঁ্যা—এরা সব কারা? এঁ্যা—ডাকাত নাকি?

ব। আমরা বরযাত্রী—মিত্তির মশাই! কালু আমার কোলের শালা, নগদ পাঁচ হাজার টাকা দিয়ে মাগ সওদা কর্ত্তে এসেছে,—আমরা সব যাচনদার,—মাল যাচাই করে নোবো—

স্ব-যু-গণ। হ্যাঁ—হ্যাঁ—মাল যাচাই ক'রে নোবো!

কা। সাক্ষ্যিরা সই কর—বিলম্বে ব্যাঘাত হবার সম্ভাবনা—

( সকলের সহি করণ )

ব। কই রে কালু—তোর মাগ কই?

কা। খবরদার বোনাই বাবু—মাগ্ মাগ্ কোরোনা—বল্ছি! বল—আমার প্রণয়িনী কই? আমার অর্দ্ধাঙ্গিনী—আমার পৌণাঙ্গিনী—:

স্ব-যু-গ। একবার যুগল দেখাও কালু—

কা। দেখ্বে? দেখ্বে? মানকুমারী! প্রিয়ে! প্রাণেশ্বরী! ম্যানিলা—মেশোপেটেমিয়া!

মা। এই যে নাথ—প্রাণেশ্বর—হল্যাণ্ড্—আমেস্টার্ড্যাম্—

স্ব-যু। হো হো—খুব জবাব হয়েছে—

বন। কেলো! কেলো! শালা! যেখানে সেখানে রসিকতা করিস্নি! শুন্লি তো? এক কথায় তোকে ড্যাম্ বানিয়ে ছাড়লে!

কা। বেশ কর্ব্বে! আমার মাগ্—আমারি জ্যাটামশাই! আমায় ড্যাম্ রাস্কেল্ বাগার্ কুলি—যা ইচ্ছে তাই ব'ল্বে! তোমাদের কি?

( লক্ষ্মীমণির প্রবেশ )

ল। কালু—কালু—তোদের পেছনে পেছনে ঠিকে গাড়ীতে আমিও এসেছি! কই? বউ কই? বউ কই?

কা। এই যে দিদি—তোমার ভায়ের আইরন্ চেষ্ট্। মানকুমারী—লজ্জা কোরোনা—লজ্জা করোনা—এ তোমার জটিলে কুটীলে ননদিনী নয়,—এ তোমার মাসি-পিসির দামিল—

দা। কালুবাবু! তাহ্লে আর এখানে ভিড করে কি হবে? যে যার সব বাড়ী যান,—বিয়ের দিন ঠিক ক'রে দোবো—এসে চুপি চুপি বিয়ে ক'রে যাবেন—

মা। বাবা—আমিও তাহ'লে আমার স্বামীর ঘরে যাই। এখন থেকে এঁরাই তো সব আমার আপনার। এঁদের তুমি তাড়ালে—আমি তো তাড়াতে পার্ব্বনা—

দা। তা—তা—এঁদের খাওয়া দাওয়া,—তা—

বন। কিছু ভাব্তে হবেনা—সে সব আমরাই যোগাড় ক'রে নিচ্ছি—

( ডাক্তার, নার্স্, অন্যান্য লোকজন ইত্যাদির প্রবেশ )

ডা। কই? কই? দামোদর বাবু কোথায়?

দা। এ্যাঁ—কেন—কেন? এই যে—এই যে—কি ব্যাপার?

না। আমরা Hospital থেকে আস্ছি! আপনার পেসেন্ট্ পালিয়েছে—

দা। পালিয়েছে? সে কি?

ডা। আপনিও চলে এলেন,—আর সে অম্নি—তড়াক্ তড়াক্ ক'রে লাফিয়ে পালিয়ে গেল!

না। আমরা লোকজন নিয়ে চাদ্দিকে ছুটোছুটী কল্লুম—

কা। কিছুই সন্ধান কর্ত্তে পারেন না—ছ্যা—ছ্যা—ছ্যা—

ডা ও নার্স। এঁ্যা—একি? একি? আপনি এখানে?

দা। কেন? উনি যে আমার জামাই!

ডা ও নার্স। আপনার জামাই? ওঃ—

দা। কি হয়েছে কি?

ডা। উনি বেশ সেরেছেন তো?

না। আমি তো বলেছিলুম ডাক্তার বাবু—মোটর চাপা পড়লেও case মোটেই serious নয়!

দা। কে মোটর চাপা পড়েছিল?

ডা। ঐ আপনার জামাই—

দা ও মা। এঁ্যা—সে কি?

না। তা বুঝি জানেন না? ঐ জামাই তো আপনার মোটর চাপা পড়ে—হাঁসপাতালে ছিল! তার পর এই কীর্ত্তি করে এলো।

দা। এঁ্যা—ওরে ব্যাটা কালভৈরব—কালু—কেলো! তোর এই কীর্ত্তি?

কা। খবরদার! contractএ সই করা হয়ে গেছে—দস্তুর মতন জামাই হয়েছি—এই সব সাক্ষ্যিসবুদ বর্ত্তমান! ব্যাটা ফ্যাটা বলা চল্‌বে না। বাওয়াজি বলুন!

দা! আমার দশ—দশ হাজার টাকা গাপ্ করে—আমারই টাকা নিয়ে,আমাকে ঠকানো? মঘা—মঘা! ডাক্ পুলিশ্—পুলিশ্—

লক্ষী। অ কালু—অ কালু—দে—দে—ও মুখপোড়ার টাকা ফেরৎ দে! কাজ নেই ও ধেড়ে মেয়ে বিয়ে করে! চল্ দিবি—ন' বছরের মেয়ের সঙ্গে তোর বিয়ে দিচ্ছি—

কা। দিদি! মেয়েমানুষ সব কথায় কথা কোয়োনা! চল —আমরা যাই! বোনাই বাবু—contract খানা?

বন। এই যে—বাগিয়ে নিয়ে দাঁড়িয়ে আছি!

কা। দেখি—কে কার নামে নালিশ করে!

বন। তোর বোনাই যখন উকিল—তোর ভাবনা কি কালু? তুই চলে আয়—

মা। বাবা! আমিও তাহ'লে আমার স্বামীর সঙ্গে চল্লুম! দেখি—আমি আমার স্বামীর হয়ে সাক্ষ্য দিলে—তুমি কি ক'র্ত্তে পার!

ম। কর্‌তা বাবু—মু দিদিমণি আর জমাই বাবুর সাথ চাঁড জিব! মু তুমার কাছে আর কাম করিমি না! অহ—কেমন জমাই বাবু—অহ—হ—

দা। এঁ্যা—তাহ'লে—তাহ'লে—এই জামাই কি ঠিক হ'ল?

সকলে। তা হ'ল বই কি!

দা। তাহ'লে মেয়েরও পছন্দ হ'য়েছে?

সকলে। হয়েছে বই কি!

দা। তাহ'লে বে দিতেই হবে?

সকলে। হবে বই কি!

দা। তবে তাই হোক্! মোদ্দা—আমি আর এখানে দাঁড়াতে পাচ্ছিনা! উঃ—আমার মাথা ঘুচ্ছে—একটু ঠাণ্ডা হই—তারপর বিয়ের কথা কইব—

(দামোদরের প্রস্থান)

কা। অতঃপর! চল—বাড়ী যাওয়া যাক্!

মা। কেন যাবে? এতো এখন তোমারই বাড়ী—তোমারই ঘর—তোমারই সব! আমি তোমার—তুমি আমার!

কা। ঠিক বলেছ—আমি তোমার—তুমি আমার!

সকলে। কেলো—কেলো! খুব কীর্ত্তিটা কল্লি?

ন। ভাই! এইবার একবার দেশের কাজে একটা কীর্ত্তি কর্ত্তে পারিস্‌,—তাহ'লে তোরও মুখ উজ্জ্বল—আমাদেরও মুখ উজ্জ্বল—দেশেরও মুখ উজ্জ্বল!

( রঙ্গিণীগণের প্রবেশ ও গীত )

বঁধু! এই তো তোমার ঘর।
দেখে শুনে নাওনা বুঝে—নওতো তুমি পর,—
( আর ) নওতো তুমি পর॥
( ঐ ) সদর অন্দর বৈটকখানা, সুখে কর বাবুয়ানা,—
( নাও ) শট্‌কা মুখে—তামাক সুখে টানো ভড়র্‌ ভর্‌॥
তল্পিতাল্পা টাকাকড়ি,—গাড়ী, জুড়ী, জুতো, ছড়ি,
গাড়ু, গাম্‌ছা, গরুর দড়ী—( তোমার ) সবই অতঃপর;
কারণ?—তুমি; ঐ একটী মেয়ের বর,—
( বাবুর ) তিন কুলে আর নেই কোথা কেউ—
তুমি—ঐ একটী মেয়ের বর॥

সমাপ্ত।

শিবমস্তু।

# শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত।

—বঙ্গের আবাল-বৃদ্ধ-বনিতার মনোরঞ্জনে অপূর্ব্ব উপন্যাসগাথা—

## "রত্নাকর"।

**রত্নাকর**—সাহিত্যজগতের অমূল্য রত্নরাজির আধার।

"**রত্নাকরে**"—যত ডুব দিবেন তত রত্ন কুড়াইবেন।

"**রত্নাকরে**" সবই নূতন!

আগাগোড়াই নূতন কথা। "রত্নাকর" সাহিত্যবাজারের 'পচা—পুরাতন" জিনিষ নয়!

"রত্নাকরে" "চর্ব্বিতচর্ব্বণ নাই"—"থোড়া বড়ি খাড়া" আর "খাড়া—বড়ি থোড" নয়,—

"রত্নাকর"—স্বর্গীয় অমৃতরসে পরিপূর্ণ দেবভোগ্য জিনিষ। পড়িয়া বুঝিতে পারিবেন, উপন্যাসরাজ্যে একটা খুব মনের মতন নূতন রকমের উপন্যাসের বই পড়িলাম বটে! ছবিতে ভরা, সুন্দর বাঁধাই,—মূল্য ২৲ টাকা।

**রত্নাকরে আছে-**

**দেশের কথা,—দশের কথা,—বাঙ্গালী সংসারের কথা,—ভারতবর্ষের কথা,—আমাদের অবস্থার কথা,—সুখের কথা,—দুঃখের কথা,—হাসির কথা,—জগতের কথা,—বাঙ্গালীর কর্ত্তব্যের কথা,—অধঃপতনের কথা,—লোকমান্য তিলকের কথা—মহাত্মা গান্ধীর কথা,—পাঞ্জাবের কথা,—জাতীয় উন্নতির উপায় উদ্ভাবনের কথা।**

[illegible]

[illegible]

কুলকামিনীর কুলত্যাগের কথা—আর "ঘুঁটে কুড়ুনির ছেলের ঘুষোর জোরে ভারতবিজয়ের কথা !"

আড়াই শত পৃষ্ঠার অধিক **চমৎকার এণ্টিক কাগজ**। উপন্যাসের মধ্যে ছবি না থাকিলে আপনাদের ভাল লাগে না—সেই জন্য ভাল ভাল ছবিতেও "রত্নাকর" সুশোভিত ! মূল্য—২৲ দুই টাকা মাত্র।

রত্নাকর সম্বন্ধে দুই একটী সংবাদপত্রের মন্তব্য -

## REVIEW

Ratnakar, or the Treasury of gems, is a valuable contribution to the rich lore of Bengali literature, just come out of the scholarly pen of Babu Bhupendra Nath Banerjee, who has already established his fame in the dramatic world as a consummate master of style, loftiness of thought and sweetness of expressions. His dramas particularly have marked out a new line and have been an unprecedented success on the stages of the Bengali Theatres. His "Avinaya-Sikhsa" in which he elaborately deals with the mysteries of the histrionic art, is a boon to the lovers of dramas. His "Upekhsita," "Khattrabir," "Satsanga" and several other works, in which the author has given his dramatic utterance, are really worthy of note and admiration.

He has, of late, offered to the public a collection of beautiful stories, tagged together in his book styled "Ratnakar". The book is original and has not the tinge of imitation from English Authors. He has given us a vivid picture of the present state of our society, the obligations and responsibilities of our fellow brethren, the cruelties of death and its damping influence on human mind, the height of genuine love.

Bhupen Babu's comic characters are of paramount interest. In telling us the saddest tale, where the reader is choked with awful melancholy, the author has so ingeneously managed to introduce his comic element, that it at once dispells the gloom. A comic vein pervades all through his writing. On a brief survey of Bhupen Babu's works it appears to us, that the author has observed the world with the eye of a keen observer and his writings are the

broad results of culture, experience and careful thinking. We confidently hope, that "Ratnakar" will occupy a high place in the hearts of the appreciating public.—THE AMRITA BAZAR PATRIKA.

• *Ratnakar* by Babu Bhupendra Nath Banerjee, Price Rupees Two.

The author has made a name for himself as a dramatist, whose plays are deservedly in requisition by the interested public. He has now appeared in a new *role* as a writer of short stories. His intimate knowledge of human nature, his power of manipulating events, his depictment of situations and analysis of character as reflected in his dramas, have stood him in excellent stead in the new role—in which he makes his bow before the public. There is a refreshing charm about the stories which have been told with consummate skill. We are pleased to note that Bhupen Babu has impressed on the stories the stamp of his own distinct individuality. His skill can best be judged from the fact that the stories rivet interest throughout and furnish exhilarating reading. Consideriug the success that has attended his present efforts, we hop3 the author will give us more of this sfuff in future. THE BENGALEE.

**রত্নাকর**—শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত, মূল্য দুই টাকা। এই রত্নাকরে সুলেখক অল্প কয়েকটী রত্ন সন্নিবিষ্ট করিয়াছেন, অর্থাৎ কয়েকটী ছোট গল্প। গল্প কয়েকটী সুলিখিত, শুধু তাহাই নহে, প্রতিভাবান্ লেখক এমন সময়োপযোগী ও সুসংযত মন্তব্য স্থানে স্থানে প্রকাশ করেন যে, তাঁহার প্রশংসা না করিয়া থাকা যায় না। শ্রীমান্ ভূপেন্দ্রনাথের নিকট আমরা যাহা আশা করি, তাহাই এই রত্নাকরে পাইয়াছি; প্রসিদ্ধ নাট্যকারকে আমরা গল্পের ক্ষেত্রেও পাইয়া আনন্দিত হইয়াছি।—ভারতবর্ষ।

**সাধনা লাইব্রেরী হইতে প্রকাশিত।**

২০ নং ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।

[illegible]।

শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত

সর্ব্বজনবিমোহন অভূতপূর্ব্ব সেই নূতন ঐতিহাসিক পঞ্চাঙ্ক নাটক

# * সেকেন্দার সাহ *

(ALEXANDER, THE GREAT)

অতি অল্প দিনেই যথার্থই সমগ্র নাট্যজগৎ ছাইয়া ফেলিল।

অবৈতনিক নাট্যসম্প্রদায়ের ঠিক অভিনয়োপযোগী ঐতিহাসিক নাটক

বঙ্গসাহিত্যে এই প্রথম।

প্রথম অঙ্কে—সেকেন্দারের নিজ রাজ্যের ঘটনা

দ্বিতীয় ও তৃতীয় অঙ্কে—সেকেন্দার কর্ত্তৃক পারস্য বিজয়।

চতুর্থ ও পঞ্চম অঙ্কে—ভারতে সেকেন্দার

—আরও বিশেষত্ব—

নাটকের প্রত্যেক ঘটনায়,-প্রত্যেক চরিত্রে,-প্রত্যেক কথায়,- প্রত্যেক দৃশ্যে

## অলৌকিক উত্তেজনা!!

যিনি যেমন ভাবেই অভিনয় করুন; আবৃত্তি করুন, বক্তা ও শ্রোতা

উভয়েই বিমুগ্ধ,-উৎসাহিত অপূর্ব্ব ভাবে বিভোর হইবেন?

## আরও সুবিধা—

পরিশিষ্ট ভাগে—

নাটকান্তর্গত গানগুলির স্বরলিপি—পোষাক পরিচ্ছদ সম্বন্ধে

সংগ্রহ করিবার ব্যবস্থা—

## অভিনয়ের ফটো-চিত্র—

ইত্যাদি দেওয়া আছে এবং

উৎকৃষ্ট কাগজ, চমৎকার ছাপা,— সুন্দর বাঁধাই—

## সেকেন্দার শাহ

নাটকের মূল্য দেড় টাকা ( ১৷৹ ) মাত্র।

---

শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত

বিশ্ববিজয়ী মনোরঞ্জন নাট্যকাব্য

## বৈবাহিক

( ষ্টার থিয়েটারে অভিনীত )

"বৈবাহিক" মহাশয়দের লইয়া দুদণ্ড ঘরে বসুন, সকল রকমের আনন্দ উপভোগ করিতে পারিবেন। নূতন ধরণের সুরের মজার গান শুনিতে পাইবেন, গল্প, কথাবার্ত্তা, প্রেম ( [illegible] প্রেম ) এ সমস্তই মজাদার।

দুই অঙ্কে সমাপ্ত। মূল্য [illegible]

[illegible]

শ্রীভূপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত

# "অভিনয়-শিক্ষা"

বঙ্গ-সাহিত্যে বঙ্গদেশে যুগান্তর উপস্থিত করাইয়াছে !

## এদেশে এরূপ একখানি গ্রন্থের অভাব ছিল

লেখক বহু যত্নে—বহু চেষ্টায়—বহু পরিশ্রমে এতদিন পরে নাট্য-জগতের এই বিষম অভাব মোচন করিলেন। যাঁহারা নাটক অভিনয় করেন, যাঁহারা নাটক পড়িয়া থাকেন, নাটক অভিনয় দেখিয়া থাকেন,—যাঁহারা কোনরূপে নাট্য-সম্প্রদায়ের সহিত সংশ্লিষ্ট, যাঁহারা নাট্যানুশীলনের জন্য "সমিতি,—"ক্লাব,"—"ইউনিয়ন্" বা "অ্যাসোসিয়েশান্" গঠিত করিয়াছেন—বা করিতে ইচ্ছুক বা উদ্যোগী,—এই "অভিনয়-শিক্ষা তাঁহাদেরই সহায়তার জন্য রচিত।

কেমন করিয়া নাটক অভিনয় করিতে হয়, অভিনয় শিখাইতে হয়, নাট্য-সম্প্রদায় গঠিত করিয়া সুশৃঙ্খলে চালাইতে হয়,—এমন কি, ষ্টেজ্ বাঁধিতে হয়, হারমোনিয়াম্ বাজাইতে হয়, গান শিখিতে ও শিখাইতে হয়, রঙ্গমঞ্চে অবতীর্ণ হইয়া সহস্র সহস্র দর্শকবৃন্দের মনোরঞ্জন করিতে হয়, পেইন্টিং করিতে, পোষাক পরিতে, দৃশ্য প্রপঞ্চ দেখাইতে, সুকণ্ঠ হইতে হয়, ইত্যাদি

"অভিনয় শিক্ষা" এই সকল শিক্ষায় পরিপূর্ণ ? অভিনয়-সম্বন্ধীয় বা ক্লাব্ সংক্রান্ত এমন কোন কথা নাই যাহা "অভিনয়-শিক্ষা'য় নাই ? তাহার উপর বঙ্গের সর্ব্বশ্রেষ্ঠ অভিনেতা "দানীবাবু", "অমরবাবু" "অর্দ্ধেন্দুবাবু" প্রভৃতি নাট্য-মহারথিগণের অমূল্য অভিনয়-চিত্রে "অভিনয়-শিক্ষা" চিত্রময় ? উচ্চদরের আইভরি ফিনিস্ কাগজে অত্যুৎকৃষ্ট ছাপা সুন্দর রঙিন কাপড়ে বাইণ্ডিং, আর্ট পেপারে ছবি ছাপা, প্রায় আড়াইশত পৃষ্ঠায় সম্পূর্ণ। "অভিনয়-শিক্ষা" নাট্যামোদী কলাবিভানুরাগি সুধীগণের বড়ই মনের মতন জিনিষ হইয়াছে। মূল্য দুই টাকা মাত্র।

"অভিনয়-শিক্ষা"-সম্বন্ধে দুটী একটী শ্রেষ্ঠ সংবাদ-পত্রের অভিমত উদ্ধৃত করিলাম, সকলগুলি দিবার স্থান কোথায়?

**Indian Daily News**—"* * As a play-wright and an amateur actor—he has earned for himself a well deserved name and anything that he says about the Bengali Stage—bears the impress of an expert in the line. * * he cleverly leads the novice through all the stages of the profession so as eventually to turn out a success on the stage. * * * The book is unique of its kind in Bengali literature & should be very popular with both professional and amateur actors * * "

**Amrita Bazar Patrika**—"* * * The common faults and foibles of actors are indeed, examined with a master's critical eye and most valuable hints given to remedy them, and the mine of instructive details have been handled with such skill and lucidity that the whole dramatic art becomes nationalised, rendered almost scientific. * *

**Hindu Patriot**—"* * He has made the subject his special study and as he has gone through many books both Eastern and Western = relating to histrionic art, his suggestions will not only be useful to the amateur but even to the 'professions' if they only care to read the book in the right spirit. * * Regular theatre-goers should have also a copy of the book with them to train their eyes to look to the proper things on the stage and thus be the means to bring round [illegible] wild actors—or do away with them for the [illegible] art. * * "

"ভারতবর্ষ" "* * যাঁহারা পেশাদার [illegible] অভিনয় করিয়া যশস্বী হইয়াছেন, তাঁহারাও এই পুস্তকে [illegible] শিক্ষণীয় বিষয় পাইবেন

## শ্রীভুপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রণীত

সেই মর্ম্মভেদী বিয়োগান্ত ঐতিহাসিক নাটক

# "সাইন্ অফ্ দি ক্রস্"

## ( ষ্টার থিয়েটারে অভিনীত )

যথার্থই নাট্য-জগতে সাহিত্য-জগতে

একটা হৈ হৈ রৈ রৈ শব্দে যুগান্তর উপস্থিত করাইয়াছে

ইংরাজী নাম দেখিয়া আগে হইতে ভড়কাইবেন না ?

"সাইন্ অফ্ দি ক্রশ্" নাটকে, সকল রকম রসের বিকাশআছে ? প্রেম, ( পবিত্র প্রেম, ঈশ্বর প্রেম ) ভালবাসা—( কাম ও নিঃস্বার্থ), —বিরহ,—উপেক্ষা,—জিঘাংসা—প্রতিশোধ—ইত্যাদি

আপনি যাহা খুঁজিবেন তাহাই পাইবেন ? কোন গ্রন্থ এক ভাষা হইতে অন্য ভাষায় তর্জ্জমা করিলে, মৌলিক গ্রন্থের রসাস্বাদন রূপান্তরে হয় না, চিরকালই সকলের এইরূপ ধারণা ? কিন্তু শ্রীভুপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কৃত "ষ্টার থিয়েটারে" অভিনীত "সাইন অফ্ দি ক্রশ্" নাটকখানি পাঠ করিয়া আপনি স্তম্ভিত ও বিস্মিত হইবেন এবং মনে হইবে —বুঝি বঙ্গ-ভাষায়,—"সাইন্ অফ্ দি ক্রশ" মৌলিক গ্রন্থ ??? উৎকৃষ্ট বাঁধাই—কাগজ ও ছাপা মূল্য ১৲ এক টাকা।

### ভুপেন বাবুর অন্যান্য গ্রন্থ—

| | | |
|---|---|---|
| [illegible]শেফিকা ( তৃতীয় সংস্করণ—পঞ্চাঙ্ক নাটক )— | মূল্য | ১৲ এক টাকা। |
| [illegible] ( দ্বিতীয় ঐ ঐ ঐ ) | " | ১৲ " টাকা। |
| [illegible] ( তৃতীয় ঐ ঐ ঐ ) | " | ১৲ " টাকা। |
| [illegible] অফ্ দি ক্রশ্ ( নাটক ) | " | ১৲ " টাকা। |
| [illegible] ( উপন্যাস ) | " | ১।০ পাঁচ সিকা। |

| | | |
|---|---|---|
| [illegible]—।০ | ভুতের বিয়ে—৵০ | [illegible]—।০ |
| [illegible] ।০ | [illegible]—৷৵০ | [illegible]—।০ |
| [illegible] ।০ | গোঁসাইজী ।০ | |